আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
•••••••••••••••••

আর আল্লাহ জালেম সম্প্রদায়কে হেদায়েত দান করেন না।

সূরা আল ইমরান- ৮৬

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২২ অক্টোবর ২০২৬ ॥ ১০ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ০৬ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৩৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

সব ধর্মের মানুষের সমান নাগরিক সুবিধা নিশ্চিতে জাতীয় কমিটি গঠনের আহ্বান

কীর্তনখোলা ডেস্ক

সব ধর্মের মানুষের জন্য সমান নাগরিক সুবিধা নিশ্চিতের লক্ষ্যে একটি জাতীয় কমিটি গঠনের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি ২ এর পাতায় দেখুন

সরকার সাত মাসে লেজেগোবরে জড়িয়েছে: গোলাম পরওয়ার

কীর্তনখোলা ডেস্ক

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, রাজনৈতিকভাবে অপরিপক্বতা, অদূরদর্শী ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রীয় গোয়েন্দা সংস্থা দিয়ে বিরোধী দলকে নজরদারি বিপজ্জনক

কীর্তনখোলা ডেস্ক

রাষ্ট্রীয় সংস্থাকে দিয়ে বিরোধী দলের ওপর গোয়েন্দা নজরদারি চালানোর যে বার্তা প্রধানমন্ত্রী দিয়েছেন, তা অত্যন্ত বিপজ্জনক ২ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আরও ৭ জনের মৃত্যু, হাসপাতালে ১৩৭৩

কীর্তনখোলা ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৭ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি ২ এর পাতায় দেখুন

বরিশালে ঝুঁকিতে ৮৭১ স্কুলভবন আতঙ্কে শিক্ষক-শিক্ষার্থীরা

কীর্তনখোলা রিপোর্ট



বরিশাল নগরীর আমানতগঞ্জ এলাকার এনায়েত উল্লাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চতুর্থ শ্রেণির পাঠদান চলাকালে হঠাৎ শ্রেণিকক্ষের ছাদের পলেস্তারা খসে পড়ে। এতে আহত হয় তিন শিক্ষার্থী। এর আগেও বিদ্যালয়টির ভবন ঝুঁকিপূর্ণ ছিল। ঘটনার পরও ভবনটি সংস্কার করা হয়নি বলে জানিয়েছেন প্রধান শিক্ষক। ফলে এখনো দুর্ঘটনার শঙ্কা নিয়ে ক্লাস করছে শিক্ষক-শিক্ষার্থীরা। এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। বরিশাল বিভাগের অনেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনই এখন জরাজীর্ণ। কোথাও দেয়ালে ফাটল, কোথাও ছাদের পলেস্তারা খসে পড়ছে, আবার কোনো ভবনের ছাদ থেকে বেরিয়ে এসেছে রড। বৃষ্টি হলে শ্রেণিকক্ষে পানি পড়ে। এমন ঝুঁকিপূর্ণ পরিবেশেই প্রতিদিন চলছে পাঠদান। এতে শিক্ষক-শিক্ষার্থীদের পাশাপাশি সন্তানদের বিদ্যালয়ে পাঠিয়ে দুশ্চিন্তায় থাকছেন অভিভাবকেরা। বিভাগীয় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বরিশাল বিভাগের ছয় জেলায় ৬ হাজার ২৪৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৮৭১টি বিদ্যালয়ের ভবন ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত হয়েছে। এসব ভবন সংস্কার ও নতুন ভবন নির্মাণের জন্য তালিকা সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো হলেও অনেক বিদ্যালয়ে এখনো শুরু হয়নি প্রয়োজনীয় কাজ। ২ এর পাতায় দেখুন

গ্রাম পুলিশকে শক্তিশালী করতে প্রশাসনের বিশেষ উদ্যোগ

কীর্তনখোলা রিপোর্ট

তৃণমূল পর্যায়ে আইনশৃঙ্খলা রক্ষা ও জনসেবা কার্যক্রম গতিশীল করতে বরিশাল সদর উপজেলার ৯৫ জন গ্রাম পুলিশের মধ্যে বাইসাইকেল ও ইউনিফর্ম বিতরণ করেছে উপজেলা প্রশাসন। বুধবার (২১ অক্টোবর) বরিশাল সদর উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এসব সামগ্রী বিতরণ করেন বরিশাল-৫ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মো. মজিবর রহমান সরোয়ার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোছা. ফরিদা সুলতানা। এ সময় স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ, উপজেলা প্রশাসনের কর্মকর্তা ও গ্রাম পুলিশের সদস্যরা উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য মো. মজিবর রহমান সরোয়ার বলেন, গ্রাম পুলিশ তৃণমূল পর্যায়ে আইনশৃঙ্খলা রক্ষা, অপরাধ প্রতিরোধ ও সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। দায়িত্ব ২ এর পাতায় দেখুন

স্থানীয় নির্বাচনে গ্রহণযোগ্য প্রার্থীদের সমর্থন দেবে দল: জহির উদ্দিন স্বপন

কীর্তনখোলা রিপোর্ট

আগামী স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীক প্রত্যাহারকে প্রধানমন্ত্রীর রাষ্ট্রনায়কোচিত মনোভাবের প্রমাণ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও মন্ত্রী পদমর্যাদার অধিকারী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, কেউ দলীয় সিদ্ধান্তের বাইরে গিয়ে প্রার্থী হলে কিংবা দলীয় প্রার্থীর বিপক্ষে কাজ করলে তাঁর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। একই সঙ্গে আগামী নির্বাচনে দল-সমর্থিত প্রার্থীদের পক্ষে কাজ করতে দলের সর্বস্তরের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান তিনি। মঙ্গলবার রাতে নিজের নির্বাচনী এলাকা বরিশাল-১ আসনের বিএনপি নেতাকর্মীদের সঙ্গে নিয়ে গৌরনদী ও আগৈলঝাড়া উপজেলার শতাধিক দুর্গাপূজামণ্ডপ পরিদর্শন ও মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। এ সময় দুই উপজেলার পূজা উদ্‌যাপন কমিটির নেতৃবৃন্দ ছাড়াও বরিশাল উত্তর জেলা বিএনপির সদস্যসচিব মিজানুর রহমান ২ এর পাতায় দেখুন

সরকার ব্যর্থ হলে জনগণ ভোটের মাধ্যমে জবাব দেবে: চিফ হুইপ

কীর্তনখোলা রিপোর্ট

জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি বলেছেন, বিএনপি সরকারকে পুনরায় ভোট দেওয়ার সিদ্ধান্ত নেওয়ার আগে জনগণ দলটির পাঁচ বছরের কর্মকাণ্ড মূল্যায়ন করবে। তাই বিরোধী দলকে ঘন ঘন আন্দোলনের মাধ্যমে দেশকে অস্থিতিশীল না করার আহ্বান জানিয়েছেন তিনি। সংসদ সচিবালয়ের সংবাদ বিজ্ঞপ্তি অনুযায়ী, বুধবার (২১ অক্টোবর) বরিশাল শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে আয়োজিত জিয়া মঞ্চের বরিশাল বিভাগীয় সম্মেলনে প্রধান অতিথি হিসেবে তিনি এসব কথা বলেন। 'করব কাজ, গড়ব দেশ, সবার আগে বাংলাদেশ' প্রতিপাদ্যে এ সম্মেলনের আয়োজন করা হয়। জনগণের ভোটে বিএনপি সরকার গঠন করেছে উল্লেখ করে নূরুল ইসলাম মনি বলেন, সরকারের পাঁচ বছরের কর্মকাণ্ড মূল্যায়ন করেই জনগণ পরবর্তী নির্বাচনে ভোট দেবে। তাই ঘন ঘন আন্দোলনের মাধ্যমে সরকারকে অস্থিতিশীল করার চেষ্টা ২ এর পাতায় দেখুন

বরিশাল মেট্রোপলিটন পুলিশের অভিযানে ২০ জন গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল মহানগরীতে বিশেষ অভিযান চালিয়ে ২০ জনকে গ্রেফতার করেছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। গ্রেফতার ব্যক্তিদের মধ্যে গ্রেফতারি পরোয়ানাভুক্ত তিনজন, নিয়মিত মামলার ১০ জন এবং বরিশাল মহানগর অধ্যাদেশের আওতায় চারজন রয়েছেন। এ ছাড়া মাদকদ্রব্য ও মোটরসাইকেল উদ্ধারের ঘটনায় আরও তিনজনকে গ্রেফতার করা হয়েছে। অভিযানে ২৫ পিস ইয়াবা ট্যাবলেট, ৫ গ্রাম গাঁজা ও একটি সুজুকি জিক্সার মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে। বুধবার (২১ অক্টোবর) বিএমপির প্রকাশিত বিশেষ আভিযানিক সাফল্য সংক্রান্ত তথ্যে এসব তথ্য জানানো হয়। ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

চিপ হুইপ মনির বক্তব্যে লাগাম দিন

জাতীয় সংসদের চিপ হুইপ নুরুল ইসলাম মনি একের পর এলোমেলো বক্তব্য দিয়ে সরকারকে বেকায়দায় ফেলতে চাচ্ছেন বলে মনে হচ্ছে। না হয় উনি ক্ষমতার চোটে বুঝতেই পারছেন না, তা কি বলা উচিত, কি বলা উচিত না। প্রধানমন্ত্রী তারেক রহমান যেখানে মানুষের মনের অবস্থা বুঝে শিক্ষা, স্বাস্থ্য ও ভঙ্গুর অর্থনীতিতে সাধারণ মানুষের পাশে দাঁড়িয়ে মানুষের আস্থা অর্জন করেছেন সেখানে এই মনির মতো গুটি কয়েক লোক দায়িত্বজ্ঞানহীন বক্তব্য দিয়ে প্রধানমন্ত্রীর ভাবমূর্তি নষ্ট করার অপচেষ্টায় রত।

সর্বশেষ ১৯ অক্টোবর তার নির্বাচনী এলাকা বরগুনা-২ আসনে বক্তৃতা দিতে গিয়ে কী বললেন, "আল্লাহর পরে টাকার ক্ষমতা। যার টাকা আছে তাকে স্কুলের সভাপতি বানাবো।" শিক্ষার চেয়ে নাকি টাকার ক্ষমতা বেশি। তিনি উদাহরণ দিয়ে গিয়ে অশিক্ষিত টাকাওয়ালার সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্স্ট ক্লাশের ফার্স্টের তুলনা করে শিক্ষাকে টাকার চেয়ে কম গুরুত্ব দিয়েছেন। তিনি টাকা, ক্ষমতা আর শিক্ষা তিনটাই ধারণ করে এমন পাগলের ন্যায় প্রলাপ বকলেন, যা মানা যায় না। ২ এর পাতায় দেখুন

আ.লীগের নেতারা মদ খায়, কর্মীরাও খায়, সব বাটপারের কারখানা: স্পিকার

তজুমদ্দিন প্রতিনিধি

জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম বলেছেন, 'বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একমাত্র শেখ হাসিনাই কারচুপি করে ক্ষমতায় টিকে ছিলেন। শেষমেশ দেশ থেকে হাজার হাজার কোটি টাকা লুটপাট করে তিনি ভারতে পালিয়ে গেছেন। আমরা এ ধরনের রাজনীতি করিনি; ঢাকায় আমার নিজের কোনো বাড়ি নেই, অথচ তাদের জাবেদ নামের এক এমপির বিদেশেই সাড়ে চারশত বাড়ি রয়েছে।' তিনি আরও বলেন, 'এসব উদাহরণ এ জন্যই দিচ্ছি ২ এর পাতায় দেখুন

জানানো হয়নি আহত স্ত্রী-ছেলেকে

দুর্ঘটনায় নিহত বাবা-মেয়েকে বাড়ির আঙিনায় দাফন

পটুয়াখালী প্রতিনিধি

নাটোরে বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে নিহত ব্র্যাক ব্যাংকের কর্মকর্তা শহিদুল ইসলাম (৫০) ও তাঁর মেয়ে তাছফিয়া আক্তারকে (৯) পটুয়াখালীর মির্জাগঞ্জে বাড়ির আঙিনায় দাফন করা হয়েছে। বুধবার সকাল ১০টার দিকে মির্জাগঞ্জের হযরত ইয়ার উদ্দিন খলিফা (র.)-এর মাজার প্রাঙ্গণে জানাজা শেষে তাঁদের দাফন করা হয়। এর আগে মঙ্গলবার রাত সাড়ে ১১টার দিকে বাবা-মেয়ের মরদেহ বাড়িতে পৌঁছায়। তাঁদের বাড়ি মির্জাগঞ্জ ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের থানা-সংলগ্ন এলাকায়। একই ঘটনায় গুরুতর আহত হয়েছেন শহিদুল ইসলামের স্ত্রী রুবিনা আক্তার (৪০) ও ছেলে লাবিব (১১)। মা ও ছেলে বর্তমানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। এর আগে তাঁদের নাটোর ও রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়। শহিদুল ইসলাম মাগুরা জেলায় ব্র্যাক ব্যাংকের শাখা ব্যবস্থাপক ছিলেন। তাঁর স্ত্রী রুবিনা আক্তার মির্জাগঞ্জ উপজেলার সুবিদখালী পূবালী ব্যাংক শাখার কর্মকর্তা বলে জানা গেছে। নিহত শহিদুল ইসলামের বড় ভাই ফারুক হাওলাদার বলেন, পূজার ছুটিতে সপরিবার রাজশাহীতে ভায়রার বাড়িতে বেড়াতে যাচ্ছিলেন শহিদুল ইসলাম। গত সোমবার বিকেল চারটার দিকে শহিদুল ২ এর পাতায় দেখুন


শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

নিজ উদ্যোগে মাদকের বিরুদ্ধে অভিযান মহানগর আহ্বায়কের ভিডিও ভাইরাল

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে মাদকের বিরুদ্ধে নিজ উদ্যোগে অভিযানে নেমেছেন মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান ফারুক। মঙ্গলবার (২০ অক্টোবর) রাতে নগরীর আমানতগঞ্জ এলাকায় তিনি ও তার সহযোগীরা এই অভিযান পরিচালনা করেন। এই ঘটনার ৩ মিনিট ৩৯ সেকেন্ডের একটি ভিডিও ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে দেখা যায়, নগরীর আমানতগঞ্জ এলাকার টিবি হাসপাতাল মাঠে বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান ফারুকের নেতৃত্বে কয়েকজন মাদকবিরোধী অভিযান চালাচ্ছেন। এ সময় তার সহযোগীরা প্রথমে দুজন এবং পরে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করুন

কক্সবাজারের ইনানী এলাকায় গত শনিবার একটি রিসোর্টে অগ্নিকাণ্ডে ১০ পর্যটক পুড়ে মারা গেছে। ধারণা করা হচ্ছে, গ্যাসের সিলিন্ডার থেকে আগুনের সূত্রপাত। ইট ও কাঠের তৈরি রিসোর্টটিতে মুহূর্তেই আগুন ছড়িয়ে পড়ে। সকালের দিকে ওই সময় অনেকেই ঘুমিয়ে ছিল, সেই অবস্থায় পুড়ে অঙ্গার হয়েছে তারা। নিহতদের মধ্যে ছয়জন একই পরিবারের সদস্য। মর্মান্তিক এ ঘটনায় নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাই। প্রকাশিত খবরে জানা যায়, রিসোর্টটির কোনো অনুমোদন ছিল না। পরিবেশ ছাড়পত্র না থাকায় পরিবেশ অধিদপ্তর গত ১৩ মে রিসোর্টটিকে এক লাখ টাকা জরিমানাও করেছিল। এ ছাড়া ছিল না অগ্নিনির্বাপণব্যবস্থাও। জানা যায়, আগুন লাগার পর যারা লাফ দিতে পেরেছে, তারাই প্রাণে বেঁচেছে। এ কারণে মৃত্যুর তালিকায় নারী ও শিশুরাই বেশি। দেখা যাচ্ছে, অব্যবস্থাপনার কারণেই এতগুলো মানুষকে পুড়ে মরতে হলো। আরো উদ্বেগের খবর হলো, শুধু এই রিসোর্ট নয়, কক্সবাজারজুড়ে পাঁচ শতাধিক হোটেল-মোটেল ও গেস্টহাউস রয়েছে, কিন্তু বেশির ভাগেরই নেই আধুনিক অগ্নিনির্বাপণব্যবস্থা। অন্যদিকে এসব নজরদারির দায়িত্বে থাকা সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষও কার্যকর ব্যবস্থা নিচ্ছে না। এ বিষয়ে কক্সবাজার হোটেল-মোটেল ও গেস্টহাউস মালিক সমিতির সভাপতি আবুল কাশেম সিকদার বলেন, ‘আমাদের হোটেলগুলো অনেক আগে নির্মিত। তাই এখনকার মতো আধুনিক ব্যবস্থা নেই।’ অন্যদিকে ফায়ার সার্ভিস বিভাগ এ নিয়ে দায়সারা জবাব দিয়েছে। এই অবস্থায় কয়েকটি প্রশ্ন সামনে আসে, পর্যটনশিল্পের প্রসারে আমরা যখন বিনিয়োগ, অবকাঠামো নির্মাণ ও প্রচারণার কথা বলছি, তখন পর্যটক ও কর্মীদের জীবন রক্ষায় নিশ্চয়তা কতটা দিতে পারছি? এ ছাড়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষ রিসোর্টটিকে আগেই সতর্ক করেছিল, তাহলে পরবর্তী পদক্ষেপ কী ছিল? সতর্কবার্তার পরও যদি ঝুঁকি দূর না করে প্রতিষ্ঠান চালু রাখা হয়, তাহলে শুধু মালিকপক্ষ নয়, তদারকির ও আইন প্রয়োগের দায়িত্বে থাকা সংস্থাগুলোর ভূমিকাও খতিয়ে দেখা দরকার। আরো লক্ষণীয় বিষয় হলো, এ ধরনের ঘটনার পর কিছুদিন সংশ্লিষ্ট ব্যক্তিদের তোড়জোড় দেখা যায়। কিন্তু কয়েক দিন যেতে না যেতেই আবারও একই অবস্থা। সংগত কারণেই এমন ঘটনাকে নিছক দুর্ঘটনা বলার সুযোগ নেই। শুধু কক্সবাজার নয়, খোঁজ নিলে দেশের অনেক হোটেল-রিসোর্টেও এমন ত্রুটি পাওয়া যাবে। কাজেই পর্যটনশিল্পের বিকাশে এসব ত্রুটি দূর করা একান্ত জরুরি। আমরা মনে করি, ইনানীর ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ নিতে হবে। ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। একই সঙ্গে আগামী দিনে এ ধরনের ঘটনা রোধে দেশের হোটেল-রিসোর্টগুলোর নিরাপত্তাব্যবস্থা নিশ্চিত করা অপরিহার্য।

ডেঙ্গুতে আরও ৭ জনের

হয়েছেন ১ হাজার ৩৭৩ জন। বুধরার (২১ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৩৬৪ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে অক্টোবরের প্রথম ২০ দিনে মারা গেছে ১১৯ জন। এছাড়া সেপ্টেম্বরে সর্বোচ্চ ১৪৮ জন, আগস্টে ৪৩ জন, জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। বুলেটিনে বলা হয়, মঙ্গলবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ১ হাজার ৩৭৩ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ১৬ হাজার ৯৯০ জনে। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ১ হাজার ৩৪০ জন। এ পর্যন্ত মোট ১ লাখ ১০ হাজার ৬৫৬ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে ৬০২ জন। এছাড়া চট্টগ্রামে ১৯৭ জন, খুলনায় ১৫৫ জন, বরিশালে ২২৫ জন, রাজশাহীতে ১১১ জন, ময়মনসিংহে ৪৫ জন, রংপুরে ২৮ জন এবং সিলেট বিভাগে ১০জন রোগী ভর্তি হয়েছেন।

রাষ্ট্রীয় গোয়েন্দা সংস্থা দিয়ে

বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ। তিনি বলেন, রাষ্ট্রীয় বাহিনীকে গুরুত্বপূর্ণ ও মৌলিক কাজ থেকে সরিয়ে বিরোধী রাজনৈতিক দলের পেছনে লাগানো এবং বিরোধী দলকে লক্ষ্য করে নজরদারি প্রযুক্তির অপব্যবহার ফ্যাসিবাদী প্রবণতার পরিচয়। প্রধানমন্ত্রীর বক্তব্য রাষ্ট্রীয় বাহিনীর অপব্যবহারের গভীরতর বার্তা দেয়, যা নিন্দনীয়। মঙ্গলবার (২০ অক্টোবর) রাজশাহীতে প্রধানমন্ত্রীর দেওয়া বক্তব্যের প্রতিবাদ জানিয়ে নিজের ফেসবুক পোস্টে এসব কথা বলেন তিনি। পোস্টে হাসনাত আবদুল্লাহ প্রশ্ন তোলেন, একজন প্রধানমন্ত্রী কি প্রকাশ্যে রাষ্ট্রীয় গোয়েন্দা সংস্থাকে বিরোধী দলের ওপর নজরদারির নির্দেশ দেওয়ার ঘোষণা দিতে পারেন? রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো কোনো রাজনৈতিক দলের কাছে প্রতিশ্রুতিবদ্ধ থাকবে, নাকি দেশের প্রতি দায়িত্ব পালন করবে? বিরোধী দলের ওপর গোয়েন্দা সংস্থা লেলিয়ে দেওয়ার এই সংস্কৃতি শেখ হাসিনার শাসনামলের কথা মনে করিয়ে দেয়। একই পোস্টে ফ্যামিলি কার্ড ও ফার্মার কার্ড কর্মসূচি বাস্তবায়নে অনিয়মের অভিযোগও তোলেন এনসিপির এই নেতা। তার অভিযোগ, উন্মুক্ত দরপত্র পদ্ধতি এড়িয়ে বড় প্রকল্পে সরাসরি ক্রয় পদ্ধতি বা ডাইরেক্ট পারচেজ মেথড (ডিপিএম) ব্যবহারের প্রবণতা দেখা যাচ্ছে। এসব ক্ষেত্রে বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও আন্তঃবাহিনী সংস্থা পরিচালিত বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরিকে (বিএমটিএফ) সামনে রেখে পেছনে বিএনপি নেতাদের সুবিধা দেওয়ার চেষ্টা চলছে। হাসনাত আবদুল্লাহ বলেন, ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডে সামরিক বাহিনী কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লোগো ব্যবহার করে দুর্নীতি ও লুটপাটের সুযোগ তৈরি করা হচ্ছে। এতে বাহিনীগুলোর ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ার আশঙ্কা রয়েছে। তিনি বলেন, বেসরকারি ব্যাংকের ডেবিট ও ক্রেডিট কার্ড সরবরাহে যেখানে একটি কার্ডের দাম ১২৫ থেকে ১৩০ টাকা, সেখানে ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডের জন্য ৩০০ থেকে ৩৬৫ টাকা ব্যয়ের যৌক্তিকতা কী? তার দাবি, ডেটাবেজ তৈরির নামে ২ হাজার ১০ কোটি টাকার অপচয়ের পরিকল্পনাও করা হচ্ছে। দারিদ্র্য শনাক্তকরণে নতুন করে বড় প্রকল্প নেওয়ার প্রয়োজনীয়তা নিয়েও প্রশ্ন তোলেন হাসনাত আবদুল্লাহ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) বিদ্যমান তথ্যভাণ্ডার, খানা জরিপ এবং মোবাইল ব্যাংকিং ও বিভিন্ন সেবার তথ্য কাজে লাগিয়ে দরিদ্র ও অতিদরিদ্র মানুষের তথ্যভাণ্ডার আরও উন্নত করা সম্ভব। এ ক্ষেত্রে নতুন প্রকল্পের পরিবর্তে বিবিএসকে প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালী করা উচিত বলে মনে করেন তিনি। পোস্টে হাসনাত আবদুল্লাহ বলেন, ফ্যামিলি কার্ড ও ফার্মার কার্ড কর্মসূচি প্রধানমন্ত্রী তারেক রহমান নিজেই বিভিন্ন সভা-সেমিনারে তুলে ধরেন। তাই এসব প্রকল্পে অনিয়মের অভিযোগ প্রধানমন্ত্রীর জানার বা ইচ্ছার বাইরে ঘটছে–এমনটা মনে করার কারণ নেই বলে মন্তব্য করেন তিনি। তবে তার এসব অভিযোগের পক্ষে পোস্টে কোনো নথি বা বিস্তারিত প্রমাণ তুলে ধরা হয়নি।

সরকার সাত মাসে লেজেগোবরে

নেতৃত্ব থেকে বিএনপি সরে না আসায় সাত মাসে সরকার একেবারে লেজেগোবরে জড়িয়েছে। এই সময়ের মধ্যে প্রায় চারজন মন্ত্রী-এমপি বিদায় নিয়ে গেছেন। সরকারে থেকে দায়িত্ব পালন করার সময় এত অপরিপক্ব, অদক্ষ, অরাজনৈতিক বক্তব্য এবং অরাজনৈতিক নেতৃত্ব আমরা আগের রাজনৈতিক দলগুলোর মধ্যে দেখিনি। বুধবার (২১ অক্টোবর) রাজধানীর সেগুনবাগিচায় বাংলাদেশ লেবার পার্টির কেন্দ্রীয় কার্যালয়ে দলটির ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এতে সভাপতিত্ব করেন লেবার পার্টির চেয়ারম্যান ডা. মোস্তাফিজার রহমান ইরান। বক্তব্য রাখেন ১১ দলের শীর্ষ নেতৃবৃন্দ। গোলাম পরওয়ার বলেন, বাংলাদেশের বহু ভুঁইফোড় রাজনৈতিক দল নিবন্ধন নিয়েছে। তারা নানান তদবির, লেজুড়বৃত্তি করেছে। মন্ত্রিত্ব, পদ-পদবি, ভাগ-বাটোয়ারার কারণে দল করেন। কিন্তু অনেক লোভ-লালসার প্রস্তাব সামনে থাকার পরেও রাজনৈতিক আদর্শের সঙ্গে কম্প্রোমাইজ না করে, দেশপ্রেমিক, আধিপত্যবাদবিরোধী ইসলামী শক্তির সঙ্গে সম্পর্ক রেখে লেবার পার্টি একটা উদাহরণ তৈরি করেছে। এজন্য বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ১১ দলের পক্ষ থেকে আমি বাংলাদেশ লেবার পার্টির আজকের এই ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকীতে ধন্যবাদ জানাই, শুভকামনা করি। তিনি বলেন, শ্রমিক-মজুরদের অবস্থা এখন বাংলাদেশে ভালো নেই। বর্তমান প্রধানমন্ত্রী শ্রমিকদের অসন্তোষ, দুই-চার দিন পরপর গার্মেন্টস সেক্টরে, শিল্প সেক্টরে অসন্তোষ, রাস্তা অবরোধ দেখে ওনারা বিরোধী দলকে দায়ী করেন। বলেন, বিরোধী দলের উসকানিতে অস্থিরতা তৈরি হচ্ছে। মিয়া গোলাম পরওয়ার বলেন, দেশে মূল্যস্ফীতি ৯ শতাংশের ওপরে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যস্ফীতি তার চেয়ে আরও বেশি। খাদ্যবহির্ভূত মূল্যস্ফীতি আরও বেশি। প্রতিনিয়ত জনদুর্ভোগ বাড়ছে, নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে, শ্রমিক পরিবারগুলো এই কঠিন পরিস্থিতিতে জীবন নির্বাহ করতে পারছে না। গার্মেন্টস শ্রমিকসহ সকল পেশার শ্রমিক-মজুরদের বাজারদরের সঙ্গে সামঞ্জস্য রেখে একটা ন্যূনতম মজুরি নির্ধারণের যে দাবিতে শ্রমিকরা আজকে আন্দোলন করছে, সেই আন্দোলনকে থামানোর জন্য মালিকপক্ষের সঙ্গে আলোচনা করে সে দাবি পূরণ করা সরকারের কর্তব্য। সরকারকে সতর্ক করে তিনি বলেন, বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান সমস্ত অপরাধের বিরুদ্ধে অনমনীয়, আপসহীন ভূমিকায় নেতৃত্ব দিয়ে যাচ্ছেন। আপনি এ দেশের অস্থিতিশীলতার জন্য তাকে দায়ী করার অর্থ হলো, নিজেদের চাঁদাবাজি, দখলদারি, অপরাধ, মাদক, সন্ত্রাস এবং দুর্নীতিকে ঢাকার আর কোনো পথ নেই বলে আপনি এই দেশপ্রেমিক বিরোধী দলের উপরে দায় চাপানোর চেষ্টা করছেন। সরকারকে উদ্দেশ করে মিয়া গোলাম পরওয়ার বলেন, ভেতরে ভেতরে আওয়ামী লীগের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক রাখছেন আপনার নেটওয়ার্ক। আপনি উত্তরবঙ্গে গিয়ে মঙ্গলবার বলেছেন, পরিষ্কার গোয়েন্দা তথ্যে আপনি তথ্য পেয়েছেন, এর পেছনে বিরোধী দলের ষড়যন্ত্র আছে। তিনি সতর্ক করে বলেন, যে গোয়েন্দা বাহিনী, যে গোয়েন্দাগিরি, যে সেটআপ আওয়ামী লীগ রেখে গেছে, যারা নিরীহ-নিরপরাধ মানুষকে জঙ্গি বানিয়ে ক্রসফায়ারে দিয়েছে, রিমান্ডে, আয়নাঘরে নিয়েছে, সেই গোয়েন্দা তথ্যের ওপর নির্ভর করে আপনি এখন বিরোধী দলের ওপর দোষ চাপাবেন? যে পুলিশ বাহিনীর সেটআপ যারা রেখে গিয়েছিল, সেইসব গোয়েন্দা বাহিনী, সেইসব গোয়েন্দা কর্মকর্তাদের এখনো আপনি সরাননি। গোলাম পরওয়ার বলেন, আপনাদের অপকর্মের বিরুদ্ধে, দলীয়করণের বিরুদ্ধে কথা বললে আপনারা বলেন অস্থিতিশীলতা। বিরোধী দলের দায়িত্বই তো হচ্ছে সরকারের অপকর্ম জাতির সামনে তুলে ধরা। তাহলে কি কিছুই বলা যাবে না? এটিই তো ফ্যাসিবাদের পথ!

সব ধর্মের মানুষের সমান

মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বুধবার সকালে শারদীয় দুর্গাপূজা ও বিজয়া দশমী উপলক্ষে বঙ্গভবনে আয়োজিত শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে উপস্থিত হিন্দু সম্প্রদায়ের গণ্যমান্য ব্যক্তিবর্গ ও দেশের হিন্দু ধর্মাবলম্বীদের উদ্দেশে এক শুভেচ্ছা বার্তায় রাষ্ট্রপতি এসব কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, ‘ধর্ম যার যার, রাষ্ট্র সবার। নিরাপত্তা ও ন্যায়বিচার পাওয়ার অধিকারও সবার।’ হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিষ্টান–সবাই এ দেশের নাগরিক উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, ‘সংবিধান প্রত্যেককে সমান অধিকার, মর্যাদা ও ধর্মীয় স্বাধীনতা দিয়েছে।’ এই লক্ষ্য বাস্তবায়নে সরকার অঙ্গীকারবদ্ধ বলেও তিনি উল্লেখ করেন। রাষ্ট্রপতি বলেন, ‘বিশ্বের নানা প্রান্তে যখন যুদ্ধ, সহিংসতা ও সাম্প্রদায়িক হানাহানি চলছে, তখন এখানে সকল ধর্মের মানুষ শান্তিপূর্ণভাবে নিজ নিজ উৎসব পালন করছে–এটাই আমাদের সবচেয়ে বড় অর্জন। এ সম্প্রীতি আমাদের শক্তি, আমাদের অস্তিত্ব। যেকোনো মূল্যে তা অক্ষুণ্ন রাখতে হবে।’ তিনি বলেন, ‘কখনো কখনো গুজব, অপপ্রচার ও ধর্মীয় উগ্রতার মাধ্যমে বিভেদ সৃষ্টির অপচেষ্টা হয়। এসব অপচেষ্টার বিরুদ্ধে আমাদের দৃঢ় ও আপসহীন থাকতে হবে। বিশেষ করে তরুণ প্রজন্মকে সত্য, ন্যায় ও মানবিকতার পক্ষে সোচ্চার থাকতে হবে।’ রাষ্ট্রপতি বলেন, ‘এই দেশ আমাদের সকলের। সকলে মিলে দেশকে গড়তে হবে। কোনো অপশক্তিকে বিভেদ সৃষ্টি করে জাতীয় ঐক্য ও অগ্রগতি বিনষ্ট করতে দেওয়া যাবে না।’ এ সময় তিনি সকলের পারস্পরিক শ্রদ্ধা, সাম্য ও সামাজিক ন্যায়বিচারের ভিত্তিতে একটি নিরাপদ, গণতান্ত্রিক, মানবিক ও কল্যাণমুখী বাংলাদেশ গড়ে তোলার আহ্বান জানান। তিনি আরও বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। এ দেশের মানুষ অসাম্প্রদায়িক এবং হাজার বছর ধরে এ ভূখণ্ডে সকল ধর্মের মানুষ পারস্পরিক শ্রদ্ধা ও ভ্রাতৃত্বের বন্ধনে একসঙ্গে বসবাস করে আসছে। এ সময় মহান মুক্তিযুদ্ধসহ সকল গণতান্ত্রিক সংগ্রাম ও অন্যায়ের বিরুদ্ধে সব ধর্মের মানুষের অংশগ্রহণই আমাদের জাতীয় ঐক্যের ভিত্তি বলে রাষ্ট্রপতি উল্লেখ করেন। বিজয়া দশমী উপলক্ষে উপস্থিত সনাতন ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, ‘আজকের এই আনন্দঘন অনুষ্ঠানে বঙ্গভবনে আপনাদের স্বাগত জানাতে পেরে আমি আনন্দিত।’ তিনি বলেন, এ উৎসবের অন্তর্নিহিত বাণী হলো অশুভ শক্তির বিনাশ এবং সত্য, সুন্দর ও কল্যাণের জয়। ধর্ম, বর্ণ বা গোষ্ঠী পরিচয়ের কারণে কোনো নাগরিক বৈষম্য বা নিপীড়নের শিকার হবেন তা গ্রহণযোগ্য নয়। এ সময় রাষ্ট্রপতি বলেন, সব ধর্মের মানুষ যেন নিরাপদ ও আনন্দময় পরিবেশে ধর্ম পালন করতে পারেন, তা নিশ্চিত করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও প্রশাসনকে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

চিপ হুইপ মনিকে

এর আগেও তিনি বিতর্কিত বক্তব্য দিয়েছেন। তিনি বলেন, আগামী বছর নাকি দেশে বিদ্যুত রাখার জায়গা থাকবে না। আবার তিনি তালাক নিয়ে বলেন, আগে কিছু হলেই স্বামীরা স্ত্রীদের তালাক দিতো, এখন নাকি ফ্যামিলি কার্ড দেয়ায় আর তালাক হচ্ছে না। মাননীয় প্রধানমন্ত্রীর খাবার-দাবার নিয়ে বক্তব্যটিও তার শোভনীয় ছিলো না। এমন লোকদের না থামিয়ে ইশরাকের মতো গতিশীল মানুষদের থামালে দলের ও সরকারের বদনাম বাড়বে বই কমবে বলে মনে হয় না।

ইসরাফিল হোসেন টুটুল
বরগুনা

নিজ উদ্যোগে মাদকের বিরুদ্ধে অভিযান

আরও দুজনকে আটক করেন। পরবর্তীতে তাদের চড়থাপ্পড় ও মারধর করা হয়। এ বিষয়ে বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান ফারুক মোবাইল ফোনে জানান, এলাকার মাদকের উৎপাতে এলাকাবাসী অতিষ্ঠ হয়ে পড়েছেন। তাই নিরুপায় হয়ে তিনি মাদকের বিরুদ্ধে অভিযানে নেমেছেন এবং এলাকায় কোনো মাদকের ঠাঁই হবে না বলে ঘোষণা দিয়েছেন। তিনি আরও জানান, রাত ৮টার দিকে নগরীর আমানতগঞ্জের টিবি হাসপাতাল ও শিশু হাসপাতাল এলাকায় এই অভিযান চালানো হয়। এ সময় ৩-৪ জনকে আটক করা হলেও পরে তাদের ছেড়ে দেয়া হয়। পুলিশের কাছে সোপর্দ করলে তারা ছাড়া পেয়ে যায়- এমন অভিযোগ করে তিনি জানান, তাই আপাতত হুঁশিয়ারি দিয়ে তাদের ছেড়ে দেয়া হয়েছে। এ সময় চড়থাপ্পড় মারার বিষয়ে তিনি বলেন, ‘সন্তানকেও তো শাসন করা যায়, সেই হিসেবেই তিনি চড় মেরেছেন।’ প্রসঙ্গত, বিএনপি নেতা ইশরাক ঢাকা-৬ আসনের সংসদ সদস্য। তিনি গত শনিবার বিকেলে তার আসনের গেন্ডারিয়ায় অস্ত্র হাতে মাদকবিরোধী অভিযানে নেমেছিলেন। সেই অভিযানের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হয়। মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী থাকাকালে ইশরাকের এমন কর্মকাণ্ড নিয়ে বিএনপি ও সরকারের ভেতরে অসন্তোষ তৈরি হয়। পরদিন রোববার প্রধানমন্ত্রী তারেক রহমান তাকে পদত্যাগের নির্দেশ দেন। এরপর সোমবার বেলা আড়াইটার দিকে রাজধানীর জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে করে ইশরাক প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করার ঘোষণা দেন। এই ঘটনা দেশজুড়ে ব্যাপক আলোচনা-সমালোচনার জন্ম দিয়েছে।

আগৈলঝাড়া প্রেসক্লাবের জন্য কম্পিউটার ও আইপিএস উপহার

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া প্রেসক্লাবের সাংবাদিকদের সম্মান ও পেশাগত কাজের মান উন্নয়ন লক্ষ্যে সুবিধার্থে দুটি কম্পিউটার ও একটি আইপিএস উপহার দিয়েছেন বরিশালের আগৈলঝাড়া উপজেলার কৃতী সন্তান ব্রিগেডিয়ার জেনারেল শামসুল আলম (শামস)। ২১/১০/২০২৬ ইং তারিখ আগৈলঝাড়া প্রেসক্লাবে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁর পক্ষ থেকে মূল্যবান সরঞ্জাম হস্তান্তর করা হয়। এ সময় অনুষ্ঠানে আগৈলঝাড়া প্রেসক্লাবের সভাপতি শামিমুল ইসলাম শামীমের সভাপতিত্বে উক্ত আয়োজনের প্রধান অতিথি হিসেবে তার দায়িত্ব পালন করেন ব্রিগেডিয়ার জেনারেল শামসুল আলম শামসের পক্ষে তাঁর ছোট ভাই সান্টু শিকদার এ সময় প্রেসক্লাবের সাংবাদিকদের হাতে দুটি কম্পিউটার ও একটি আইপিএস তুলে দেন। এ সময় সান্টু শিকদার বলেন, সাংবাদিকরা হল সমাজের দর্পণ ও সাধারণ মানুষের প্রত্যাশার কথা সংবাদমাধ্যমে তুলে ধরেন। তাঁদের পেশাগত কাজকে আরও সহজ ও গতিশীল করতে প্রয়োজনীয় সরঞ্জাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এ সময় বিতরণী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও ৪ নং গেলা মডেল ইউনিয়ন পরিষদের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী শাহ মোহাম্মদ বখতিয়ার, এ সময় সার্বিক দিক তুলে ধরে আলোচনা সভা করন হয় এবং সচেতন মূলক কাজ করার আহ্বান জানান উপজেলা যুবদলের নেতা ও সাবেক ছাত্রদলের সাধারণ সম্পাদক হেমায়েত তালুকদার টেলিভিশনের সিনিয়র রিপোর্টার মিল্লাত চৌধুরী। বক্তারা বলেন, বর্তমান সময়ে সংবাদ সংগ্রহ, সংবাদ তৈরি, তথ্য সংরক্ষণ ও সংবাদমাধ্যমে তা দ্রুত পাঠানোর ক্ষেত্রে কম্পিউটার অত্যন্ত গুরুত্বপূর্ণ। পাশাপাশি বিদ্যুৎ চলে গেলে আইপিএসের মাধ্যমে কাজ চালিয়ে নেওয়া সম্ভব হবে এ কারণে এই উপহার বিতরণী অনুষ্ঠান উপস্থিত ছিলেন আগৈলঝাড়া প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা সরদার হারুন রানা, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম, সহসভাপতি সাইফুল মৃধা, রিপন বিশ্বাস, এইচএম মাসুম হাওলাদার, ও আকাশ মাহমুদ, বাংলা টিভি বরিশাল ব্যুরো প্রধান এস এম নাজমুল রিপন, দপ্তর সম্পাদক পলাশ দত্ত, যুগ্ম সাধারণ সম্পাদক মানিক হাওলাদার ও রাসেল হাওলাদার, নির্বাহী সদস্য কেএম আজাদ সাইফুল ইসলাম রব, ওমর আলী সানি, আশরাফ উদ্দিন, সরোয়ার আলম সরদার, মোঃ ইদ্রিস খান, ফারুক আকন, আয়কর আইনজীবী সমীরন রায়, শফিকুল ইসলাম, বিকাশ রায়, সারজিদ বিপ্লব গাইন, মানিক হাওলাদার, মলয় বিশ্বাস, শাহাদাত হোসেন চৌধুরী, সহ প্রেসক্লাবের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

দুর্ঘটনায় নিহত বাবা-মেয়েকে

ইসলামের স্ত্রী রুবিনা আক্তার মেয়ে তাছফিয়া ও ছেলে লাবিবকে নিয়ে মির্জাগঞ্জ থেকে স্বামীর কর্মস্থল মাগুরায় পৌঁছান। সেখান থেকে সকালে সপরিবার বাসে করে রাজশাহীর উদ্দেশে রওনা হন। পথে নাটোরে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগতির ট্রাকের সঙ্গে তাঁদের বহনকারী বাসটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই শহিদুল ইসলাম ও তাঁর মেয়ে তাছফিয়া মারা যান। ফারুক হাওলাদার আরও বলেন, ‘পূজার ছুটিতে সবাই মিলে রাজশাহীতে আত্মীয়ের বাড়িতে আনন্দ করতে যাচ্ছিলেন। কিন্তু একটি দুর্ঘটনায় সব শেষ হয়ে গেল। আমার ভাই শহিদুল ইসলাম ও ভাতিজি তাছফিয়া ঘটনাস্থলেই মারা গেছে। অন্যদিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে শহিদুলের স্ত্রী রুবিনা ও ছেলে লাবিব। এখন পর্যন্ত মৃত্যুর খবর তাঁদের জানানো হয়নি।’ পূজার ছুটিতে সবাই মিলে রাজশাহীতে আত্মীয়ের বাড়িতে আনন্দ করতে যাচ্ছিলেন। কিন্তু একটি দুর্ঘটনায় সব শেষ হয়ে গেল। আমার ভাই শহিদুল ইসলাম ও ভাতিজি তাছফিয়া ঘটনাস্থলেই মারা গেছে। মঙ্গলবার ভোর চারটার দিকে নাটোরের বড়াইগ্রাম উপজেলার বনপাড়া পুলিশ তদন্ত কেন্দ্রের সামনে নাটোর-পাবনা মহাসড়কে বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে নারী, পুরুষ ও শিশুসহ ১২ জন নিহত এবং অন্তত ৩২ জন আহত হন। মির্জাগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তৌহিদুজ্জামান বলেন, নিহত ব্যক্তিদের পরিবারের পক্ষ থেকে থানা-পুলিশকে বিষয়টি জানানো হয়নি। পুলিশ স্বপ্রণোদিত হয়ে তাঁদের খোঁজখবর নিয়েছে।

আ.লীগের নেতারা মদ খায়, কর্মীরাও

যাতে মানুষ বুঝতে পারে দেশের রাজনৈতিক অঙ্গন লুটপাট করে তারা কীভাবে নিজেদের ভাগ্য গড়েছে।’ বিকেলে ভোলার তজুমদ্দিন উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠন আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) এশিয়া প্যাসিফিক গ্রুপের চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় তাকে এই সংবর্ধনা দেওয়া হয়। বিগত সরকারের সমালোচনা করে মেজর (অব.) হাফিজ বলেন, ‘আজ থেকে বিশ বছর আগে আমি যখন এমপি ছিলাম, তার পরেই কারচুপির নির্বাচন শুরু হয়। তখন তজুমদ্দিনে কোনো মাদকের বিস্তার ছিল না। কিন্তু গত পনেরো বছরে ঘরে ঘরে মাদক ছড়িয়ে দেওয়া হয়েছে। আওয়ামী লীগের নেতারাও মাদক খায়, কর্মীরাও মাদক সেবন করে। এসব এলাকা বাটপারের কারখানা হয়ে গেছে। আমি নির্দেশ দিয়ে যাচ্ছি–যারা মাদকের সঙ্গে জড়িত, তাদের ধরে সরাসরি পুলিশের হাতে সোপর্দ করবেন।’ এর আগে তজুমদ্দিন উপজেলা প্রশাসনের পক্ষ থেকেও তাকে সংবর্ধনা দেওয়া হয়। এ সময় উপজেলার বিভিন্ন ইউনিয়নের শতাধিক অসহায়, পঙ্গু ও দুস্থ মানুষের মাঝে নগদ অর্থ বিতরণ করা হয়। পরে তজুমদ্দিনকে পৌরসভায় রূপান্তর করা এবং সাধারণ মানুষের বিনোদনের জন্য একটি পার্ক নির্মাণসহ নানা উন্নয়নমূলক কাজের প্রতিশ্রুতি দেন তিনি। তজুমদ্দিন উপজেলা বিএনপির সভাপতি গোলাম মোস্তফা মিন্টুর সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক ওমর আসাদ রিন্টু। অনুষ্ঠানে বিভিন্ন স্তরের নেতা-কর্মীরা ফুল দিয়ে মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদকে শুভেচ্ছা জানান।

সরকার ব্যর্থ হলে জনগণ ভোটের

না করে অপেক্ষা করা উচিত। সরকার দায়িত্ব পালনে ব্যর্থ হলে জনগণই ভোটের মাধ্যমে তার জবাব দেবে। বিরোধী পক্ষের লংমার্চ দেশ পুনর্গঠনের উদ্যোগকে বাধাগ্রস্ত করছে বলেও অভিযোগ করেন চিফ হুইপ। তিনি বলেন, ৩০ লাখ কোটি টাকা পাচার হয়ে যাওয়া দেশটির ভঙ্গুর অর্থনীতি নিয়ে সরকারের যাত্রা শুরু হয়েছে। লংমার্চের মাধ্যমে দেশের পরিস্থিতির প্রকৃত পরিবর্তন আনা সম্ভব নয়। বিদ্যুৎ সংকটের বিষয়ে চিফ হুইপ বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান বিদ্যুৎ সংকট কাটাতে সৌরবিদ্যুতের যন্ত্রপাতি আমদানিতে আগামী তিন বছরের জন্য করছাড় দিয়েছেন। এই সুযোগ কাজে লাগাতে পারলে এক বছরের মধ্যে বিদ্যুতের ঘাটতি পূরণ করা সম্ভব বলে আশা প্রকাশ করেন তিনি। নুরুল ইসলাম মনি বলেন, দীর্ঘ ১৭ বছরের জুলুম-নির্যাতন ও প্রতিকূলতা মোকাবিলা করে ফ্যাসিবাদী সরকারের পতনে নেতৃত্ব দিয়েছে বিএনপি। ভঙ্গুর অর্থনীতি ও নানা সংকটের মধ্যে দেশের দায়িত্ব নিয়ে বর্তমান সরকার দেশকে পুনর্গঠনের চেষ্টা করছে। ফ্যামিলি কার্ড, কৃষক কার্ডসহ বিভিন্ন সরকারি সহায়তার মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার উন্নয়নে উদ্যোগ নেওয়া হয়েছে বলেও উল্লেখ করেন তিনি। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অবদানের কথা উল্লেখ করে চিফ হুইপ বলেন, তিনি মুক্তিযুদ্ধে সম্মুখসারিতে থেকে দেশের স্বাধীনতার জন্য যুদ্ধ করেছেন। পরবর্তী সময়ে দেশের সংকটময় পরিস্থিতিতে রাষ্ট্র পরিচালনার দায়িত্বও পালন করেছেন। তিনি আরও বলেন, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্বৈরশাসনের বিরুদ্ধে আন্দোলন করে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। দীর্ঘ ১৭ বছর ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে তাকে জেল, জুলুম ও নির্যাতন সহ্য করতে হয়েছে। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তিলাওয়াত করা হয়। পরে জাতীয় সংগীত ও দলীয় সংগীত পরিবেশন করা হয়। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সাবেক সংসদ সদস্য বিলকিস আক্তার জাহান শীরিন ও সংসদ সদস্য মো. রফিকুল ইসলাম জামাল। এ সময় বরিশাল বিভাগের মহানগর ও বিভিন্ন জেলা থেকে আগত বিএনপি নেতাকর্মী ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

বরিশাল মেট্রোপলিটন পুলিশের

এর আগে মঙ্গলবার (২০ অক্টোবর) গত ২৪ ঘণ্টায় বরিশাল মহানগর পুলিশের চারটি থানা ও গোয়েন্দা শাখার (ডিবি) পৃথক অভিযানিক দল নগরীর বিভিন্ন স্থানে এসব অভিযান পরিচালনা করে। বিএমপির দেওয়া তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টার অভিযানে মোট ২০ জনকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারের হিসাবটি হলো– ১. মাদকদ্রব্য ও মোটরসাইকেল উদ্ধারের ঘটনায় তিনজন। ২. গ্রেফতারি পরোয়ানাভুক্ত তিনজন। ৩. নিয়মিত মামলায় ১০ জন। ৪. বরিশাল মহানগর অধ্যাদেশের আওতায় চারজন। সব মিলিয়ে চার শ্রেণিতে মোট ২০ জনকে গ্রেফতার করা হয়েছে। পুলিশের বিশেষ অভিযানে ২৫ পিস ইয়াবা ট্যাবলেট, ৫ গ্রাম গাঁজা এবং একটি সুজুকি জিক্সার মোটরসাইকেল উদ্ধার করা হয়। মাদকদ্রব্য ও মোটরসাইকেল উদ্ধারের ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হয়েছে বলে বিএমপির প্রকাশিত তথ্যে উল্লেখ করা হয়েছে। বরিশাল মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, অপরাধ দমন এবং মাদকবিরোধী কার্যক্রম জোরদার চারটি থানা ও গোয়েন্দা শাখার সমন্বয়ে অভিযান পরিচালনা করে বিএমপি। এসব অভিযানে গ্রেফতারি পরোয়ানা কার্যকর, নিয়মিত মামলার আসামি গ্রেফতার এবং মহানগর অধ্যাদেশের আওতায় আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে। এদিকে, মাদকসংক্রান্ত কোনো তথ্য থাকলে তা পুলিশকে জানানোর আহ্বান জানিয়েছে বিএমপি। তথ্যদাতার পরিচয় গোপন রাখা হবে বলে জানানো হয়েছে।

স্থানীয় নির্বাচনে গ্রহণযোগ্য প্রার্থীদের

খান মুকুল, গৌরনদী উপজেলা বিএনপির আহ্বায়ক সৈয়দ সরোয়ার আলম, সদস্যসচিব শরীফ জহির সাজ্জাদ হান্নান, আগৈলঝাড়া উপজেলা বিএনপির আহ্বায়ক শিকদার হাফিজুর ইসলাম ও সদস্যসচিব মোল্লা বসির আহমেদ পান্নাসহ বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে জহির উদ্দিন স্বপন বলেন, স্থানীয় সরকার নির্বাচন নিয়ে প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন। দলের মধ্যে কেউ বিশ্বাসঘাতকতা করলে তাঁকে ক্ষমা করা হবে না। প্রত্যেক ইউনিয়নের তথ্য দলের কাছে রয়েছে উল্লেখ করে তিনি বলেন, আগামী নির্বাচনে জনগণের কাছে গ্রহণযোগ্য ব্যক্তিদেরই দল সমর্থন দেবে। তিনি আরও বলেন, দলীয় শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডের কারণে দল ক্ষতিগ্রস্ত হলে সংশ্লিষ্ট ব্যক্তি যত বড় নেতাই হোন না কেন, তাঁকে দলবিরোধী কর্মকাণ্ডের জন্য শাস্তির মুখোমুখি হতে হবে। নির্বাচনী তৎপরতায় দলের সব নেতাকর্মীর ভূমিকা পর্যবেক্ষণ করা হবে বলেও জানান তিনি। এদিকে গৌরনদী উপজেলার বাসুদেবপাড়া গ্রামে নবনির্মিত সার্বজনীন শ্রীশ্রী কালী ও দুর্গা মন্দিরের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। সাবেক তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং সংসদ সদস্য জহির উদ্দিন স্বপন মন্দিরটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মন্দির কমিটির সভাপতি মিন্টন মণ্ডল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরিশাল উত্তর জেলা বিএনপির সদস্যসচিব মো. মিজানুর রহমান খান মুকুল, গৌরনদী উপজেলা বিএনপির আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, বাটাজোর ইউনিয়ন বিএনপির আহ্বায়ক আজাদ মৃধা, গৌরনদী উপজেলা পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি প্রেমানন্দ ঘরামীসহ মন্দির কমিটির নেতৃবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

গ্রাম পুলিশকে শক্তিশালী করতে

পালনে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করা গেলে তারা আরও দক্ষতার সঙ্গে জনসেবা দিতে পারবেন। সভাপতির বক্তব্যে ইউএনও মোছা. ফরিদা সুলতানা বলেন, গ্রাম পুলিশ উপজেলা প্রশাসনের গুরুত্বপূর্ণ সহযোগী। বাইসাইকেল ও ইউনিফর্ম পাওয়ায় তাদের দৈনন্দিন দায়িত্ব পালন সহজ হবে বলে আশা করা হচ্ছে। তিনি গ্রাম পুলিশ সদস্যদের নিষ্ঠা, সততা ও পেশাদারত্বের সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান। উপজেলা প্রশাসনের এ উদ্যোগে গ্রাম পুলিশের যাতায়াত ও মাঠপর্যায়ে কাজের সক্ষমতা বাড়বে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

মেহেন্দিগঞ্জে চলাচলের পথ

চলাচলের পথ নিয়ে বিরোধের অবসান ঘটিয়ে স্বাভাবিক চলাচল নিশ্চিত করতে সংশ্লিষ্টদের হস্তক্ষেপ কামনা করেছেন ভুক্তভোগী সালাউদ্দিন বেপারী। এ বিষয়ে শাহে আলম তালুকদার ও আঃ রশিদ তালুকদারের চাইলে তারা বলেন তাদের সাথে আমাদের কথাবার্তার মিল না হওয়ায় আমরা পথ বন্ধ করে দিয়েছি।

ঝালকাঠিতে ১৪ দিনে

দেওয়া হয়েছে। ঝালকাঠি সদরে ৫১টি অভিযানে ১০ লাখ ২৫ হাজার মিটার জাল জব্দ করা হয়েছে। এসব জালের আনুমানিক মূল্য ২৫ লাখ ৬২ হাজার ৫০০ টাকা। এ উপজেলায় তিনটি মামলা হয়েছে। তবে কাউকে কারাদণ্ড দেওয়ার তথ্য প্রতিবেদনে নেই। রাজাপুরে ৫৪টি অভিযানে আট লাখ ৪৫ হাজার মিটার জাল জব্দ করা হয়। এসব জালের আনুমানিক মূল্য ১৬ লাখ ৯০ হাজার টাকা। এ উপজেলায় দুটি মামলা হয়েছে এবং দুজনকে কারাদণ্ড দেওয়া হয়েছে। অন্যদিকে, কাঁঠালিয়ায় ৫১টি অভিযানে নয় লাখ ৫০ হাজার মিটার জাল জব্দ করা হয়। জব্দ করা জালের আনুমানিক মূল্য ২৭ লাখ ৫০ হাজার টাকা। এ উপজেলায় পাঁচটি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হলেও কোনো মামলা বা কারাদণ্ড দেওয়া হয়নি। প্রতিবেদনে আরও বলা হয়েছে, এ সময়ে জেলার বিভিন্ন উপজেলায় ৩২০টি আড়ত ও ১৬২টি বাজার পরিদর্শন করা হয়েছে। জেলা মৎস্য কর্মকর্তা এনামুল হক বলেন, মা ইলিশ সংরক্ষণে জেলার নদ-নদীতে অভিযান পরিচালনার পাশাপাশি অবৈধ জালের ব্যবহার বন্ধে নজরদারি করা হচ্ছে। ইলিশের প্রজনন নির্বিঘ্ন রাখা এবং মা ইলিশ রক্ষায় সংশ্লিষ্ট সবাইকে আইন মেনে চলতে হবে। নিষেধাজ্ঞা অমান্য করে কেউ মাছ ধরলে তাঁর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

ঢাকা-বরিশাল-কুয়াকাটা মহাসড়কে

চালক ও যাত্রীরা জানান, ‘ভাঙ্গা থেকে বরিশাল পর্যন্ত গাড়ি চালানোর মতো কোনো পরিবেশ নেই। এক ঘণ্টার রাস্তা চার ঘণ্টার বেশি সময় লাগে যেতে। বন্যা-বৃষ্টির মতো প্রাকৃতিক দুর্যোগে মহাসড়ক খারাপ হবেই, তবে তা দ্রুত সংস্কার করা উচিত। আর মহাসড়ক নির্মাণকালে ড্রেনেজ ব্যবস্থা রাখা দরকার বলে মনে করছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি। বরিশাল বিভাগ উন্নয়ন ও স্বার্থ সংরক্ষণ কমিটির সভাপতি অ্যাডভোকেট নজরুল ইসলাম রাজন বলেন, ‘সড়ক ও জনপথ যে পরিকল্পনা করেন তার সঙ্গে যদি রাস্তা তৈরির সময় ড্রেনেজ ব্যবস্থা এবং আদারস ফ্যাসিলিটিজসহ এবং দীর্ঘমেয়াদী একটা পরিকল্পনা করেন, তাহলে মনে হয় এখান থেকে আমাদের উত্তরণ সম্ভব।’ বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. মামুন অর রশিদ বলেন, ‘বিভিন্ন জায়গায় এমনভাবে রাস্তার মধ্যে ভেঙেচুরে গিয়েছে যে এটি খাদে পরিণত হয়ে গিয়েছে। সেসব জায়গায় চলাচল অত্যন্ত ঝুঁকিপূর্ণ। যেকোনো মুহূর্তে গাড়ি উল্টে যেতে পারে, মানুষের চরম দুর্ভোগ হতে পারে। সে কারণে অতি সত্ত্বর এই মেরামতের কাজগুলো করা দরকার।’ ভাঙ্গা থেকে বরিশালের দূরত্ব ৯৭ কিলোমিটার। বর্তমানে প্রায় ৫০ কিলোমিটার রাস্তার বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্ষার কারণে এতদিন সংস্কারের কাজ করা যায়নি, তবে ইতোমধ্যে উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান সড়ক ও জনপদ বিভাগের নির্বাহী প্রকৌশলী। বরিশাল সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মো. নাজমুল ইসলাম বলেন, ‘২৪ কিলোমিটার সড়কের কার্যাদেশ দেয়া হয়ে গেছে এবং অবশিষ্ট যে অংশগুলো রয়েছে যে আরও প্রায় ২০ কিলোমিটারের মতো সড়ক, এখানেও আমাদের দরপত্র আহ্বান করা হয়ে গেছে। আর বাকি যে অংশটুকু রয়ে গেছে, সে অংশটুকু আমাদের রিপেয়ার কাজ করার জন্য যে বিভিন্ন কর্মসূচির আওতায় অন্তর্ভুক্ত করার প্রস্তাব প্রক্রিয়া করা হয়ে গেছে।’ ঢাকা বরিশাল কুয়াকাটা মহাসড়ক এমনিতেই দেশের অন্যান্য মহাসড়ক গুলোর চেয়ে অপ্রশস্ত। যানবাহন মালিকদের মতে এই মহাসড়কে প্রতিদিন দুই হাজার পণ্যবাহী যানবাহন চলাচল করে। তাই এই মহাসড়ক সংস্কার এবং প্রশস্ততা বাড়ানো প্রয়োজন বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

বানারীপাড়ায় প্রতিবন্ধী তরুণীকে

এর আগে ভিকটিমের মা বাদী হয়ে ১৯ অক্টোবর দিবাগত রাতে বানারীপাড়া উপজেলার বালীপাড়া গ্রামের আব্দুল বেপারীর ছেলে সাইমুন বেপারীর বিরুদ্ধে বানারীপাড়া থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করেন। মামলা সূত্রে জানা গেছে, বালীপাড়া গ্রামের নির্যাতিতা প্রতিবন্ধী তরুণী গত ৮ অক্টোবর প্রতিবেশীর বাড়ির পুকুরে গোসল করতে যায়। এ সময় তার মা বাড়ির পাশের জমিতে গরু বাঁধতে যান। তিনি বাড়িতে ফিরে মেয়েকে ঘরে দেখতে না পেয়ে খোঁজাখুজির একপর্যায় প্রতিবেশীর ঘরের বারান্দায় সাইমন কর্তৃক মেয়েকে ধর্ষিত হতে দেখে ডাকচিৎকার শুরু করেন। এ সময় স্থানীয়রা এগিয়ে আসলে সাইমন দৌড়ে পালিয়ে যায়। বানারীপাড়া থানার ওসি মজিবুর রহমান বলেন, ভিকটিমকে উদ্ধার করে ডাক্তারী পরীক্ষার জন্য বরিশাল শেবাচিম হাসপাতালের ওসিসি সেন্টারে প্রেরণ করা হয়েছে। পাশাপাশি থানায় মামলা গ্রহণের পর পরই তথ্য প্রযুক্তির সহায়তায় দ্রুত সময়ের মধ্যে ঢাকার আশুলিয়া এলাকায় অভিযান চালিয়ে মামলার একমাত্র প্রধান অভিযুক্ত আসামিকে গ্রেফতার করা হয়। পরবর্তীতে গ্রেফতার ব্যক্তিকে বরিশাল আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।

নাজিরপুরে ট্রলারডুবে নিখোঁজের

যৌথ দল ঘটনাস্থলে পৌঁছে মরদেহটি নদী থেকে উদ্ধার করে। নিহত রীনা বেপারী পার্শ্ববর্তী নেছারাবাদ উপজেলার গুয়ারেখা ইউনিয়নের ভরতকাঠি গ্রামের শংকর বেপারীর স্ত্রী। এর আগে গত সোমবার (১৯ অক্টোবর) রাতে উপজেলার শ্রীরামকাঠী বন্দরের ফেরিঘাট এলাকা থেকে অতিরিক্ত যাত্রী ও মালামাল নিয়ে নদী পার হওয়ার সময় ৬টি মোটরসাইকেল ও প্রায় অর্ধশত যাত্রীসহ খেয়ার ট্রলারটি ডুবে যায়। অগ্নিকাণ্ড ও আকস্মিক এ দুর্ঘটনায় ট্রলারে থাকা রীনা বেপারী ও তাঁর আট বছর বয়সী শিশুকন্যা অর্পিতা বেপারী নদীতে তলিয়ে নিখোঁজ হন। পরবর্তীতে তল্লাশি চালিয়ে গত দুই দিনে কন্যা অর্পিতা বেপারীর মরদেহ এবং ডুবুরি দলের সহায়তায় পানিতে ডুবে যাওয়া ৫টি মোটরসাইকেল উদ্ধার করা হয়। অবশেষে বুধবার সকালে নিখোঁজ মায়ের মরদেহ উদ্ধারের মধ্য দিয়ে উদ্ধার তৎপরতা শেষ হয়।

ছাত্রদলের ৩ নেতাকর্মীকে মারধরের

জানা গেছে, সোমবার (১৯ অক্টোবর) বিকেল ৫টার দিকে বিশ্ববিদ্যালয়ের পাশের ছোট ব্রিজসংলগ্ন নলছিটি হাউজিং এলাকায় গাঁজা সেবনরত অবস্থায় বরিশাল মহানগর ছাত্রলীগের তিন কর্মীকে আটক করেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল নেতা ইমরান মাহমুদুলসহ তিন থেকে চারজন। এ ঘটনাকে কেন্দ্র করে পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগকর্মী তাজের নেতৃত্বে কয়েকজন সংগঠিত হয়ে ইমরান মাহমুদুলসহ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের তিনজন নেতাকর্মীর ওপর হামলা চালান বলে অভিযোগ উঠেছে। হামলার প্রতিবাদে এবং অভিযুক্তদের গ্রেফতারের দাবিতে সোমবার রাত সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের কয়েকজন নেতাকর্মী ঢাকা-পটুয়াখালী মহাসড়ক অবরোধ করেন। পরে অভিযুক্তদের গ্রেফতারের আশ্বাস পেয়ে তারা অবরোধ তুলে নেন। বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইসমাইল হোসেন বলেন, এ ঘটনায় জড়িত অন্যদেরকেও আইনের আওতায় আনা হবে।

বৃদ্ধকে মারধরের অভিযোগ

দিয়ে পুড়িয়ে দেওয়ার হুমকির প্রতিবাদ করায় ছালাম শেখের ওপর হামলা চালানো হয়। এ সময় তাঁকে কিল-ঘুষি মারা হয় এবং মাটিতে পড়ে যাওয়ার পরও মারধর করা হয় বলে অভিযোগে উল্লেখ রয়েছে। পরে তাঁকে প্রাণনাশের হুমকি দেওয়া হয় বলেও এজাহারে দাবি করা হয়েছে। এ বিষয়ে দুর্গাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী অভি হাসান আকাশ অভিযোগ করেন, রাজনৈতিক বিরোধের জেরে এ হামলার ঘটনা ঘটেছে। তিনি হাসপাতালে চিকিৎসাধীন ছালাম শেখের পাশে থাকার কথা জানিয়ে ঘটনার সুষ্ঠু তদন্ত এবং জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি জানান। দুর্গাপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কামরুল সালেকিন তপনও ঘটনার সুষ্ঠু তদন্ত দাবি করেছেন। এজাহারে দুর্গাপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হিসেবে উল্লেখ করা মো. নোমান হোসেন মৃধাসহ সাতজনের নাম রয়েছে। তাঁদের বিরুদ্ধে হামলায় জড়িত থাকার অভিযোগ আনা হয়েছে। পিরোজপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শরিফুল ইসলাম বলেন, এ ঘটনায় মামলা হয়েছে। সাবেক চেয়ারম্যানকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে।

ভোলায় স্কুলব্যাগে ছয়

ইলিশা ইউনিয়নের ইলিশা লঞ্চঘাটে অভিযান চালানো হয়। এ সময় একটি স্কুলব্যাগ তল্লাশি করে এর ভেতর থেকে ৬ কেজি গাঁজা জব্দ করা হয়। মাদক বহনের সঙ্গে জড়িত থাকার অভিযোগে হাসনাইন আহমেদকে আটক করে পুলিশ। ইলিশা পুলিশ তদন্তকেন্দ্রের ইনচার্জ মো. বশির আলম বলেন, ‘এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে। মামলা দায়েরের পর আটক ব্যক্তিকে আদালতে সোপর্দ করা হবে।’

গাছের ডাল মাথায় পড়ে

মোসলেম উদ্দিন। বুধবার দুপুরে গাছ কাটতে গিয়ে এক কাঠুরিয়া গাছে উঠে একটি ডাল কাটেন। পরে আরেক কাঠুরিয়া রশি দিয়ে ডালটি বেঁধে নিচে নামানোর চেষ্টা করেন। এ সময় ডালটি গাছের একটু দূরে দাঁড়িয়ে থাকা মোসলেম উদ্দিনের মাথায় পড়ে। এতে তিনি গুরুতর আহত হন। পরে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে জরুরি বিভাগের চিকিৎসক ইরফান উদ্দিন তাকে মৃত ঘোষণা করেন। বাউফল পৌর বিএনপির সভাপতি হুমায়ুন কবির বলেন, মোসলেম উদ্দিন হাওলাদার পৌর বিএনপির একজন সদস্য ছিলেন। তার আকস্মিক মৃত্যুতে পৌর বিএনপি গভীরভাবে শোকাহত। তার মৃত্যুতে সংগঠন একজন সহকর্মীকে হারিয়েছে। তিনি মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। এদিকে তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে উপজেলা ও পৌর বিএনপি এবং সহযোগী সংগঠনের নেতাকর্মীরা বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। এ সময় উপজেলা জামায়াতের নেতারাও সেখানে উপস্থিত হন। বাউফল থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, আমরা ঘটনাটি জেনেছি। পরিবারের কোনো আপত্তি না থাকায় এ ঘটনায় আইনি পদক্ষেপ নেওয়া হয়নি।

রাজাপুরে বিকাশ ব্যবসায়ীকে কুপিয়ে

আঘাত করে গুরুতর আহত করা হয়। পরে তার সঙ্গে থাকা ব্যাগ থেকে বিকাশের ৭ লাখ টাকা ও একটি মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে পালিয়ে যান তারা। এ ঘটনায় ১৮ অক্টোবর সুমন মৃধা বাদী হয়ে রাজাপুর থানায় মামলা করেন। মামলার তদন্তকারী কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে ২০ অক্টোবর রাতে এসআরবি-৮-এর একটি দল বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে পাঁচজনকে গ্রেফতার করে। গ্রেফতার ব্যক্তিরা হলেন- রাজাপুর উপজেলার শুক্তাগড় ইউনিয়নের নারিকেলবাড়িয়া এলাকার গণী শরীফের ছেলে আফজাল হোসেন (৫০), মনজুরুল আলম মুন্নার ছেলে লিটন হাওলাদার (৩০), মৃত ওয়াজেদ আলী হাওলাদারের ছেলে আবুল কালাম (৩৮), সদর ইউনিয়নের বারবাকপুর এলাকার আবুল খায়ের মৃধার ছেলে চান মিয়া (২৯) এবং মজিবর হাওলাদারের ছেলে মামুন হাওলাদার (২৪)। সংবাদ বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে লিটন হাওলাদারের দেওয়া তথ্যের ভিত্তিতে অন্য অভিযুক্তদের শনাক্ত করে গ্রেফতার করা হয়। পরে তাদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য রাজাপুর থানায় হস্তান্তর করা হয়েছে। রাজাপুর থানা পুলিশের পরিদর্শক (তদন্ত) মো. ফিরোজ কামাল বলেন, এসআরবির সহায়তায় এ ঘটনায় পাঁচজনকে গ্রেফতার করা হয়েছে। বুধবার দুপুর ২টার দিকে তাদের ঝালকাঠি আদালতে পাঠানো হয়েছে। এ ঘটনায় বাকি আসামিদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।

বরিশালে জামায়াতের উদ্যোগে

একটি কল্যাণমুখী সমাজ প্রতিষ্ঠার গুরুত্বপূর্ণ পদক্ষেপ। মানুষকে শুধু সাময়িক আর্থিক সহায়তা প্রদান নয়, বরং তাদের হাতে কাজ তুলে দিয়ে নিজের পায়ে দাঁড়ানোর সুযোগ সৃষ্টি করতে হবে। একটি সেলাই মেশিন একজন নারীর কর্মসংস্থানের পাশাপাশি একটি পরিবারের আয়ের উৎস হয়ে উঠতে পারে। এর মাধ্যমে নারীরা ঘরে বসেই উপার্জন করে পরিবারের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবেন। তিনি আরও বলেন, দারিদ্র্য বিমোচন, বেকারত্ব হ্রাস এবং নারীদের অর্থনৈতিকভাবে সক্ষম করে তুলতে পরিকল্পিত উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। সমাজের অসচ্ছল ও কর্মক্ষম মানুষের পাশে দাঁড়িয়ে তাদের স্বাবলম্বী হওয়ার সুযোগ তৈরি করা সবার দায়িত্ব। কর্মসংস্থান সৃষ্টি ও সামাজিক বৈষম্য কমিয়ে আনতে সম্মিলিতভাবে কাজ করার ওপরও তিনি গুরুত্বারোপ করেন। সভাপতির বক্তব্যে মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর বলেন, মানুষকে সাময়িক সহযোগিতার পাশাপাশি স্থায়ীভাবে স্বাবলম্বী করে তোলাই এ কর্মসূচির অন্যতম উদ্দেশ্য। নিজের উপার্জনের মাধ্যমে একটি পরিবার যখন জীবিকা নির্বাহ করতে পারে, তখন তাদের আত্মবিশ্বাস বাড়ে এবং জীবনযাত্রার মান উন্নত হয়। সেলাই মেশিনের মাধ্যমে উপকারভোগীরা নিজেদের দক্ষতা কাজে লাগিয়ে আয় করার সুযোগ পাবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, বিশেষ করে নারীদের দক্ষতা ও কর্মক্ষমতাকে কাজে লাগানোর মাধ্যমে পরিবার ও সমাজের অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব। প্রকৃত অসচ্ছল মানুষের কাছে এ ধরনের উদ্যোগের সুফল পৌঁছে দিতে সবাইকে আন্তরিক হতে হবে। বরিশাল মহানগর জামায়াত ভবিষ্যতেও মানুষের কল্যাণে, কর্মসংস্থান সৃষ্টি এবং সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কাজ করে যেতে চায়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল মহানগর জামায়াতের সেক্রেটারি মাওলানা মতিউর রহমান, সহকারী সেক্রেটারি তারিকুল ইসলাম, মহানগরী কর্মপরিষদ সদস্য মো. শামীম কবির, মহানগর কর্মপরিষদ সদস্য ও বরিশাল সদর উপজেলা চেয়ারম্যান প্রার্থী অধ্যক্ষ মাওলানা হাবিবুর রহমান, সদর উপজেলা জামায়াতের আমীর মাওলানা শফিউল্লাহ তালুকদার, কাউনিয়া থানা জামায়াতের আমীর মোস্তাফিজুর রহমান এবং পেশাজীবী বিভাগের সভাপতি সুলতানুল আরেফিনসহ মহানগর ও বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

১৩ বছরে সড়ক দুর্ঘটনায় নিহত ১ লাখ

যাতায়াত হতো। সড়কপথে যাতায়াত করতেন ২০ শতাংশ মানুষ। কিন্তু স্বাধীনতার পর রেল ও নৌপথ সংকুচিত করে একের পর এক সড়ক নির্মাণ ও সম্প্রসারণের ফলে মানুষের যাতায়াত সড়কনির্ভর হয়ে পড়েছে। এর প্রভাব পড়েছে সড়ক দুর্ঘটনার ওপরও। মোজাম্মেল হক চৌধুরী বলেন, সড়ক খাতে অনিয়ম-দুর্নীতি, অব্যবস্থাপনা, পরিবহন খাতে চাঁদাবাজি, ফিটনেসবিহীন যানবাহন চলাচল, লাইসেন্সবিহীন ও অদক্ষ চালক, সড়ক নির্মাণে ত্রুটি, বেপরোয়া গতি এবং মাদক সেবন করে যানবাহন চালানোর মতো কারণে দুর্ঘটনা বাড়ছে। চালকদের প্রশিক্ষণ ও যোগ্যতা যাচাইয়ে দুর্বলতা এবং অযোগ্য যানবাহনকে ফিটনেস সনদ দেওয়ার বিষয়টিও দুর্ঘটনার জন্য দায়ী। সংগঠনটির দাবি, গণমাধ্যমে প্রকাশিত তথ্য পর্যবেক্ষণ করে তারা দুর্ঘটনা ও হতাহতের এই পরিসংখ্যান পেয়েছে। তবে দেশের হাসপাতালগুলোর চিত্র অনুযায়ী, প্রকৃত হতাহতের সংখ্যা আরও কয়েক গুণ বেশি হতে পারে। যাত্রী কল্যাণ সমিতির পর্যবেক্ষণে, মোটরসাইকেল, ব্যাটারিচালিত রিকশা ও সিএনজিচালিত অটোরিকশার বেপরোয়া বৃদ্ধি ও চলাচল, সড়কে ডিভাইডার না থাকা, গাছপালার কারণে বাঁকে দৃষ্টিসীমা বাধাগ্রস্ত হওয়া এবং মহাসড়কের নির্মাণত্রুটি দুর্ঘটনার অন্যতম কারণ। এ ছাড়া ট্রাফিক আইন অমান্য, উল্টোপথে যানবাহন চলাচল, সড়কে চাঁদাবাজি, পণ্যবাহী যানে যাত্রী পরিবহন, অতিরিক্ত যাত্রী বহন, ঝুঁকিপূর্ণ ওভারটেকিং এবং চালকদের বিরামহীনভাবে গাড়ি চালানোর কারণে দুর্ঘটনার ঝুঁকি বাড়ছে। সংগঠনটির অভিযোগ, উন্নত গণপরিবহন ও সমন্বিত যাতায়াতব্যবস্থার অভাবে ব্যাটারিচালিত অটোরিকশা, রাইডশেয়ারিং মোটরসাইকেল, সিএনজিচালিত অটোরিকশা, নসিমন-করিমন, লেগুনাসহ বিভিন্ন যানবাহনের ওপর মানুষের নির্ভরতা বেড়েছে। এতে সড়কে যানজট ও দুর্ঘটনা–দুটিই বাড়ছে। সড়ক দুর্ঘটনা কমাতে সড়ক পরিবহন মন্ত্রণালয় ও বিআরটিএকে দেশি-বিদেশি পরিবহন বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে পরিচালনা, প্রযুক্তিনির্ভর আধুনিক বাস নেটওয়ার্ক গড়ে তোলা এবং প্রযুক্তিনির্ভর সড়ক নিয়ন্ত্রণব্যবস্থা চালুর সুপারিশ করেছে যাত্রী কল্যাণ সমিতি। এ ছাড়া চালকদের উন্নত প্রশিক্ষণ ও যথাযথ প্রক্রিয়ায় লাইসেন্স দেওয়া, গুরুত্বপূর্ণ মহাসড়কে ফুটপাত ও সার্ভিস লেন নির্মাণ, পথচারী পারাপারের ব্যবস্থা, সড়কে চাঁদাবাজি বন্ধ এবং চালকদের বেতন ও কর্মঘণ্টা নির্ধারণের ওপর গুরুত্ব দিয়েছে সংগঠনটি। সুপারিশের মধ্যে আরও রয়েছে–মানসম্মত সড়ক নির্মাণ ও মেরামত, নিয়মিত সড়ক নিরাপত্তা নিরীক্ষা, রোড সাইন ও রোড মার্কিং স্থাপন, যানবাহনের ফিটনেস সনদ দেওয়ার পদ্ধতি আধুনিকায়ন, মেয়াদোত্তীর্ণ গণপরিবহন চলাচল বন্ধ, বিআরটিএর সক্ষমতা বৃদ্ধি এবং ট্রাফিক ট্রেনিং একাডেমি প্রতিষ্ঠা।

ঢাকা-সৌদি রুটে ১৩৪ ফ্লাইট বাতিল-স্থগিত

বাতিল ও স্থগিত হয়েছে। এতে ২০ হাজার ২৫৪ জন যাত্রী চরম ভোগান্তিতে পড়েছেন। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) সর্বশেষ তথ্য অনুযায়ী, বাতিল ও স্থগিত হওয়া ফ্লাইটগুলোর মধ্যে ৬১টি সরাসরি এবং ৭৩টি ট্রানজিট ফ্লাইট। পরিস্থিতির কারণে বিভিন্ন এয়ারলাইনসের ফ্লাইট সূচি ব্যাহত হচ্ছে। বাতিল ও স্থগিত হওয়া ফ্লাইটের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ২২টি, সৌদিয়া এয়ারলাইনসের ১৯টি, ইউএস-বাংলা এয়ারলাইনসের ১০টি, রিয়াদ এয়ারওয়েজের ১০টি এবং ইন্ডিগো এয়ারের ২৮টি ফ্লাইট রয়েছে। এছাড়া এমিরেটস এয়ারলাইনসের ১৪টি, কাতার এয়ারওয়েজের ৯টি, ফ্লাই দুবাইয়ের ৮টি, সালাম এয়ারের ৭টি, এয়ার ইন্ডিয়ার ৬টি এবং ইজিপ্ট এয়ারের একটি ফ্লাইট বিঘ্নিত হয়েছে। ফ্লাইট চলাচলে এই বিঘ্নের কারণে বিপুলসংখ্যক যাত্রী দুর্ভোগে পড়েছেন। যাত্রা নিয়ে অনিশ্চয়তা তৈরি হওয়ায় ভোগান্তি বেড়েছে সংশ্লিষ্ট যাত্রীদের। এদিকে, উদ্ভূত পরিস্থিতি পর্যবেক্ষণের পাশাপাশি বাতিল ও স্থগিত হওয়া ফ্লাইটগুলোর নতুন সময়সূচি নির্ধারণে কাজ করছে বেবিচক।

মক্কা প্রতিরক্ষা চুক্তির

ওপর সশস্ত্র হামলা হলে পারস্পরিক প্রতিরক্ষার বিষয়টিও এতে অন্তর্ভুক্ত রয়েছে। ন্যাটোর অনুচ্ছেদ ৫-এর মতো যৌথ প্রতিরক্ষা ব্যবস্থার ধারণা থাকলেও চুক্তির পাঠে কোনো নির্দিষ্ট দেশ বা অঞ্চলকে হুমকি হিসেবে চিহ্নিত করা হয়নি। গত আগস্টে তিন দেশ চুক্তিতে সই করে। মঙ্গলবার তুরস্ক সরকার এটি দেশটির পার্লামেন্টে উপস্থাপন করে। ব্রিটিশ সংবাদমাধ্যম মিডল ইস্ট আই চুক্তির পূর্ণাঙ্গ পাঠের একটি অনানুষ্ঠানিক ইংরেজি অনুবাদ প্রকাশ করেছে। এর ভিত্তিতে চুক্তির প্রধান বিষয়গুলো নিচে তুলে ধরা হলো। চুক্তি অনুযায়ী, তিন দেশ প্রতিরক্ষা, সামরিক শিল্প ও নিরাপত্তা খাতে সহযোগিতা বাড়াবে। সন্ত্রাসবাদ মোকাবিলা, গোয়েন্দা তথ্য বিনিময়, যৌথ সামরিক প্রশিক্ষণ ও মহড়া এবং প্রতিরক্ষা প্রযুক্তির উন্নয়নেও একসঙ্গে কাজ করবে তারা। প্রয়োজন অনুযায়ী অস্ত্র, গোলাবারুদ, জ্বালানি, খুচরা যন্ত্রাংশ ও অন্যান্য সামরিক সরঞ্জাম দিয়ে একে অন্যকে সহায়তার ব্যবস্থাও রাখা হয়েছে। চুক্তি বাস্তবায়ন ও সহযোগিতার দিকনির্দেশনা দিতে তিন দেশের পররাষ্ট্রমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী এবং সামরিক বাহিনীর প্রধানদের নিয়ে একটি কৌশলগত রাজনৈতিক ও প্রতিরক্ষা কমিটি গঠন করা হবে। কমিটিতে বছরে দুবার বৈঠক হবে। প্রয়োজন মনে করলে দেশগুলোর নেতারাও বছরে একবার বৈঠকে বসতে পারবেন। চুক্তির আওতায় সৌদি আরবে একটি সচিবালয় প্রতিষ্ঠা করা হবে। এর মহাসচিবের দায়িত্ব তিন দেশের নাগরিকদের মধ্যে পর্যায়ক্রমে বণ্টন করা হবে। প্রথম মহাসচিব হবেন পাকিস্তানের নাগরিক। অন্য দেশকে জোটে অন্তর্ভুক্ত করার বিষয়টি তিন দেশের সম্মতির ভিত্তিতে নির্ধারিত হবে। চুক্তিতে এর মেয়াদ অনির্দিষ্টকাল রাখার কথা বলা হয়েছে। তবে কার্যকর হওয়ার ১০ বছর পর যেকোনো দেশ জোট থেকে বেরিয়ে যেতে পারবে। সে ক্ষেত্রে কূটনৈতিক চ্যানেলে অন্তত তিন মাস আগে লিখিত নোটিশ দিতে হবে। কোনো দেশ বেরিয়ে গেলেও আগে সম্মত হওয়া চলমান কার্যক্রম ও প্রকল্প বন্ধ হয়ে যাবে না। গোপনীয় তথ্য সুরক্ষার বাধ্যবাধকতাও বহাল থাকবে। চুক্তিটি কার্যকর করতে তিন দেশের নিজ নিজ আইন ও প্রক্রিয়া অনুযায়ী অনুমোদন নিতে হবে। শেষ অনুমোদনপত্র নির্ধারিত সচিবালয়ে জমা দেওয়ার পর এটি কার্যকর হবে। চুক্তির মূল পাঠ তুর্কি, আরবি ও ইংরেজি ভাষায় তৈরি করা হয়েছে। ভাষাগত ব্যাখ্যায় মতপার্থক্য দেখা দিলে ইংরেজি পাঠকে প্রাধান্য দেওয়া হবে।

চেক বিতরণ অনুষ্ঠান
প্রধান অতিথি: জনাব এ বি এম রফিকুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট
গেস্ট অব অনার: জনাব মোঃ নজরুল ইসলাম মোল্লা, প্রশাসক, জেলা পরিষদ, বরগুনা।
বিশেষ অতিথি: জনাব মোঃ কুদরত-ই-খুদা, পিপিএম, পুলিশ সুপার, বরগুনা।
জনাব অনিমেষ বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরগুনা।
জনাব এস এম হুমায়ুন হাসান শাহিন
জনাব এম হারুন-অর রশিদ রিংকু, সভাপতি, বরগুনা সাংবাদিক ইউনিয়ন

বরগুনায় ১৬ সাংবাদিক পেলেন ৮ লাখ টাকার অনুদান

বরগুনা প্রতিনিধি

পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে আর্থিক অসচ্ছলতা ও চিকিৎসাজনিত সংকটে থাকা বরগুনার ১৬ সাংবাদিককে ৮ লাখ টাকার আর্থিক ও চিকিৎসা সহায়তা দিয়েছে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট। বুধবার (২১ অক্টোবর) দুপুর ১২টায় বরগুনা সাংবাদিক ইউনিয়ন সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে উপকারভোগী সাংবাদিকদের হাতে অনুদানের চেক তুলে দেওয়া হয়। ২০২৬-২৭ অর্থবছরের আওতায় এ সহায়তা প্রদান করা হয়েছে। বরগুনা সাংবাদিক ইউনিয়নের সভাপতি এম হারুন-অর রশিদ রিঙ্কুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের পরিচালক (প্রশাসন ও অর্থ) এ. বি. এম. রফিকুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাংবাদিক ইউনিয়নের সিনিয়র সহসভাপতি মুশফিক আরিফ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক অনিমেষ বিশ্বাস, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) ইশতিয়াক আহমেদ এবং বরগুনা জেলা বিএনপির সদস্য সচিব এসএম হুমায়ুন হাসান শাহীন। বক্তারা বলেন, নানা প্রতিকূলতা ও সীমাবদ্ধতার মধ্যেও সাংবাদিকেরা সমাজের অনিয়ম, অসংগতি ও মানুষের দুর্ভোগের চিত্র তুলে ধরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁদের বস্তুনিষ্ঠ ও দায়িত্বশীল সাংবাদিকতা জনসচেতনতা বৃদ্ধি এবং দেশের অগ্রগতিতে বিশেষ অবদান রাখে। তাঁরা আরও বলেন, সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি ব্যক্তিগত ও পারিবারিক সংকট মোকাবিলায় সহায়তা করা জরুরি। এ ক্ষেত্রে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের আর্থিক ও চিকিৎসা সহায়তা কার্যক্রম সাংবাদিকদের পাশে দাঁড়ানোর একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। অনুষ্ঠানের শেষ পর্যায়ে আর্থিক অসচ্ছলতা ও চিকিৎসা ব্যয়ের চাপে থাকা বরগুনার বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক গণমাধ্যমে কর্মরত ১৬ সাংবাদিকের হাতে মোট ৮ লাখ টাকার অনুদানের চেক তুলে দেওয়া হয়। চেক বিতরণ অনুষ্ঠানে বরগুনার বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকেরা উপস্থিত ছিলেন।

পূজার ছুটিতে কুয়াকাটায় পর্যটকদের ভিড়

কুয়াকাটা প্রতিনিধি

শারদীয় দুর্গাপূজার দ্বিতীয় দিনের ছুটিতে পটুয়াখালীর পর্যটন কেন্দ্র কুয়াকাটায় হাজারো পর্যটকের সমাগম ঘটেছে। পর্যটকদের পদচারণায় মুখর হয়ে ওঠেছে সমুদ্র সৈকত। তাদের উপস্থিতিতে পর্যটন সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানগুলোতেও বেড়েছে বেচাকেনা। বুধবার সকাল ১০টার দিকে সরেজমিনে দেখা গেছে, সৈকতে আসা পর্যটকদের কেউ সমুদ্রের নোনা জলে সাঁতার কাটছেন, কেউ বন্ধুদের সঙ্গে আনন্দ উল্লাসে মেতে ওঠছেন। আবার কেউ সৈকতের বেঞ্চিতে বসে উপভোগ করছেন প্রাকৃতিক সৌন্দর্য। অনেককে প্রিয়জনের হাত ধরে সৈকতের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ঘুরে বেড়াতেও দেখা গেছে। সব মিলিয়ে সৈকতজুড়ে বিরাজ করছে উৎসবমুখর পরিবেশ। পর্যটকদের আগমনে কুয়াকাটার হোটেল-মোটেলগুলোতে বেড়েছে কক্ষের চাহিদা। সংশ্লিষ্টদের তথ্য মতে, ইতোমধ্যে এসব প্রতিষ্ঠানের ৮০ থেকে ৯০ শতাংশ কক্ষ বুকিং হয়ে গেছে। পর্যটকদের আনাগোনায় রেস্তোরাঁ, খাবারের দোকানসহ পর্যটন সংশ্লিষ্ট বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানেও বেচাকেনা বেড়েছে। এদিকে, আগত পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করতে সতর্ক অবস্থানে রয়েছে ট্যুরিস্ট পুলিশ। দুর্গাপূজা ও সাপ্তাহিক ছুটি মিলিয়ে টানা পাঁচ দিনের অবকাশ এবং আগামী ২৩ ও ২৪ অক্টোবর কুয়াকাটায় পর্যটন কার্নিভালকে কেন্দ্র করে বিপুল সংখ্যক পর্যটক সমাগমের প্রত্যাশা করছেন সংশ্লিষ্টরা। তাদের আশা, এ সময়ে কুয়াকাটায় প্রায় চার লাখ পর্যটকের আগমন ঘটতে পারে।

বরিশালে ঝুঁকিতে ৮৭১ স্কুলভবন

জেলাভিত্তিক হিসাবে, বরিশালে সবচেয়ে বেশি ৩২০টি বিদ্যালয় ভবন ঝুঁকিপূর্ণ। এ ছাড়া পিরোজপুরে ১৯৯টি, বরগুনায় ১৩২টি, ভোলায় ১১৫টি, ঝালকাঠিতে ৮৫টি এবং পটুয়াখালীতে ২২টি বিদ্যালয় ভবন ঝুঁকিপূর্ণ তালিকায় রয়েছে। বাবুগঞ্জ উপজেলার ছানিকেদারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনটি নির্মিত হয়েছিল ১৯৯৭ সালে। স্থানীয়দের অভিযোগ, নির্মাণের পর থেকে ভবনটির উল্লেখযোগ্য কোনো উন্নয়ন হয়নি। দীর্ঘদিনের অবহেলায় ভবনটির অবস্থা নাজুক হয়ে পড়েছে। এতে শিক্ষার্থীদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। উপজেলার আরও কয়েকটি বিদ্যালয়েও একই ধরনের সমস্যা রয়েছে। দ্রুত সংস্কার কিংবা নতুন ভবন নির্মাণ করা না হলে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। বরিশাল সদর উপজেলার ৭৮ নম্বর আদর্শ মাতৃমন্দির সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মিত হয়েছিল ১৯৯৫ সালে। বিদ্যালয়টির প্রধান শিক্ষক মিন্টু কুমার কর বলেন, প্রায় পাঁচ থেকে সাত বছর ধরে ভবনটি ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এখন পর্যন্ত কোনো ধরনের সংস্কার করা হয়নি। আমানতগঞ্জের এনায়েত উল্লাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুসরাত জাহান বলেন, ২০২৩ সালের অক্টোবর মাসে ক্লাস চলাকালে ভবনের ছাদের পলেস্তারা খসে পড়েছিল। এতে তিন শিক্ষার্থী আহত হয়। তবে এর আগ থেকেই ভবনটি ঝুঁকিপূর্ণ ছিল। এখন পর্যন্ত কোনো সংস্কার করা হয়নি। শিক্ষক থেকে শিক্ষার্থী সবাই ঝুঁকির মধ্যে রয়েছেন। ঝুঁকিপূর্ণ বিদ্যালয়গুলোর শিক্ষার্থী অভিভাবকরা জানান, সন্তানদের বিদ্যালয়ে পাঠিয়ে তারা সব সময় দুশ্চিন্তায় থাকেন। কখন ছাদের পলেস্তারা কিংবা ভবনের কোনো অংশ ধসে পড়ে, সেই আতঙ্কে থাকতে হয় তাদের। তারা দ্রুত ঝুঁকিপূর্ণ ভবন সংস্কার করে শিক্ষার্থীদের জন্য নিরাপদ পরিবেশ নিশ্চিত করার দাবি জানিয়েছেন। খোঁজ নিয়ে জানা গেছে, স্থানীয় বাসিন্দা, অভিভাবক ও শিক্ষকরা দীর্ঘদিন ধরে ঝুঁকিপূর্ণ ভবন সংস্কারের দাবি জানালেও অনেক বিদ্যালয়ে কার্যকর উদ্যোগ দেখা যাচ্ছে না। জরাজীর্ণ অবকাঠামোর পাশাপাশি কোনো কোনো বিদ্যালয়ে শ্রেণিকক্ষ ও আসবাবপত্রের সংকট রয়েছে। বর্ষা মৌসুমে শ্রেণিকক্ষে পানি পড়ায় ব্যাহত হচ্ছে পাঠদান। বরিশাল জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোস্তফা কামাল বলেন, জেলার ঝুঁকিপূর্ণ বিদ্যালয়গুলোর তালিকা তৈরি করে শিক্ষা অধিদপ্তরে পাঠানো হয়েছে। দ্রুত এসব প্রস্তাব বাস্তবায়ন হলে শিক্ষক ও শিক্ষার্থীদের ভোগান্তি কমবে। বরিশাল জেলা শিক্ষা প্রকৌশলী মো. শহিদুল ইসলাম বলেন, জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ বিদ্যালয় ভবনগুলোকে চারটি শ্রেণিতে ভাগ করে তালিকা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। অগ্রাধিকার ভিত্তিতে এসব বিদ্যালয়ের সংস্কার ও নতুন ভবন নির্মাণের কাজ শীঘ্রই শুরু হওয়ার কথা রয়েছে। তবে ঝুঁকিপূর্ণ ভবনগুলোর সংস্কার ও নতুন ভবন নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে, তা নিয়ে এখনো অনিশ্চয়তা রয়েছে। ফলে প্রতিদিন বিদ্যালয়ে যাওয়া শিশুদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ কাটছে না অভিভাবকদের। দুর্ঘটনার পর ব্যবস্থা নেওয়ার পরিবর্তে আগেভাগেই ঝুঁকিপূর্ণ ভবনগুলোর সংস্কার ও নিরাপদ শ্রেণিকক্ষ নিশ্চিত করার দাবি জানিয়েছেন সংশ্লিষ্টরা।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২২ অক্টোবর ২০২৬ ॥ ০৬ কার্তিক ১৪৩৩

মক্কা প্রতিরক্ষা চুক্তির পূর্ণাঙ্গ পাঠ প্রকাশ

কীর্তনখোলা ডেস্ক

তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে স্বাক্ষরিত মক্কা প্রতিরক্ষা চুক্তির পূর্ণাঙ্গ পাঠ প্রকাশ্যে এসেছে। চুক্তিতে তিন দেশ একে অপরের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও আঞ্চলিক অখণ্ডতা রক্ষায় সহযোগিতার অঙ্গীকার করেছে। কোনো দেশের

৩ এর পাতায় দেখুন

ঢাকা-সৌদি রুটে ১৩৪ ফ্লাইট বাতিল-স্থগিত দুর্ভোগে ২০ হাজারের অধিক যাত্রী

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যের মুসলিম অধ্যুষিত রাষ্ট্র সৌদি আরবের বিমানবন্দরে হামলার পর বিধিনিষেধের জেরে ঢাকা-সৌদি রুটে বিমান চলাচলে ব্যাপক বিঘ্ন ঘটেছে। বুধবার (২১ অক্টোবর) পর্যন্ত এ রুটে সরাসরি ও ট্রানজিট মিলিয়ে ১৩৪টি ফ্লাইট

৩ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল-কুয়াকাটা মহাসড়কে ভোগান্তি, বাড়ছে দুর্ঘটনা

কীর্তনখোলা রিপোর্ট

বর্ষায় বেহাল ঢাকা-বরিশাল-কুয়াকাটা মহাসড়ক। বিভিন্ন স্থানে বড় বড় গর্ত, কোথাও কোথাও ঢেউয়ের মতো। যানবাহন চলাচলে মারাত্মক সমস্যা হচ্ছে। প্রায়ই ঘটছে দুর্ঘটনা। শিগগিরই মেরামত করা হবে বলে জানিয়েছে সড়ক ও জনপথ বিভাগ। ২০২২ এর ২৫ জুন পদ্মাসেতু চালুর পর ঢাকা-বরিশাল মহাসড়কে যান চলাচল আগের চেয়ে বহুগুণ বেড়ে যায়। বরিশাল বিভাগের ছয় জেলা ছাড়াও আশপাশের আরও কয়েক জেলার যাত্রী ও পণ্যবাহী যানবাহন এই পথে চলাচল করছে। এক দিকে ভারী যানবাহনের চলাচল, অন্য দিকে বর্ষা। একারণে মহাসড়কের বেহাল দশা হয়েছে। রাস্তার পিচ উঠে পাথর বেরিয়ে এসেছে। বাস-ট্রাক চলছে এঁকে বেঁকে। যানবাহনের ক্ষতির পাশাপাশি প্রায়ই ঘটছে দুর্ঘটনা। কখনও কখনও যানবাহন উল্টে ক্ষতি হচ্ছে জান-মালের। এ পথে চলাচলকারী চালক ও যাত্রীরা জানালেন তাদের দুর্ভোগের কথা।

৩ এর পাতায় দেখুন

বানারীপাড়ায় প্রতিবন্ধী তরুণীকে ধর্ষণ ॥ কারাগারে যুবক

বানারীপাড়া প্রতিনিধি

বরিশালে প্রতিবন্ধী তরুণীকে (১৭) ধর্ষণের অভিযোগে থানায় দায়ের করা মামলার একমাত্র অভিযুক্ত আসামি ধর্ষক সাইমন বেপারীকে (২৩) গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (২১ অক্টোবর) সকালে তাকে বরিশাল আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। তথ্যের সত্যতা নিশ্চিত করে বরিশালের বানারীপাড়া থানার ওসি মজিবুর রহমান জানিয়েছেন, মঙ্গলবার (২০ অক্টোবর) সন্ধ্যায় এসআরবির সহায়তায় থানা পুলিশ ঢাকার আশুলিয়া থানা এলাকায় অভিযান চালিয়ে ধর্ষক সাইমনকে গ্রেফতার করেছে।

৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে চলাচলের পথ বন্ধের অভিযোগ

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

মেহেন্দিগঞ্জ উপজেলার উত্তর উলানিয়া ইউনিয়নের সলদী গ্রামে দীর্ঘদিন ধরে ব্যবহৃত চলাচলের পথ বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠেছে প্রতিবেশী শাহে আলম তালুকদার ও আঃ রশিদ তালুকদারের বিরুদ্ধে। এতে ভোগান্তিতে পড়েছেন জমির মালিক সালাউদ্দিন বেপারী গং। স্থানীয় সূত্রে জানা যায়, সালাউদ্দিন বেপারী গং, শাহে আলম তালুকদার ও আঃ রশিদ তালুকদার একই দাগের জমি ক্রয় করেন। ওই জমিসংক্রান্ত বিরোধের জেরে সালাউদ্দিন বেপারীর দীর্ঘদিনের চলাচলের পথ বন্ধ করে দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। ভুক্তভোগীর অভিযোগ, দীর্ঘদিন ধরে তিনি ওই পথ দিয়ে চলাচল করে আসছেন। কিন্তু প্রতিবেশী শাহে আলম তালুকদার ও আঃ রশিদ তালুকদার ঝাল দিয়ে পথটি বন্ধ করে দেওয়ায় চলাচলে সমস্যার সৃষ্টি হয়েছে। বিষয়টি নিয়ে একাধিকবার স্থানীয়ভাবে মীমাংসার উদ্যোগ নেওয়া হলেও এখন পর্যন্ত কোনো সমাধান হয়নি বলে অভিযোগ করেন তিনি। স্থানীয়ভাবে একাধিকবার সমাধানের চেষ্টা করেও বিরোধ নিষ্পত্তি না হওয়ায় বিষয়টি নিয়ে উদ্বেগ দেখা দিয়েছে। দীর্ঘদিনের ব্যবহৃত

৩ এর পাতায় দেখুন

মুয়াজ্জিন আবশ্যক

বরিশাল আমানতগঞ্জ পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদের জন্য একজন দাখিল পাশ, ক্বারি, সুকণ্ঠী ও অভিজ্ঞ মুয়াজ্জিম আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ২৬/১০/২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকেল ৪ঘটিকায় আবেদন, জীবনবৃত্তান্ত, এনআইডি ও শিক্ষাগত যোগ্যতার সনদ ও ছবিসহ স্বশরীরে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

নিবেদক মসজিদ কমিটি,
পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদ
আমানতগঞ্জ , বরিশাল।

ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
২০২৬ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে বালক-বালিকা পৃথক শাখায় ভর্তি চলছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
LRACM
EIIN: 137732
Code: 20830
২০২৬ শিক্ষাবর্ষের দাখিল পরীক্ষার ফলাফল

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

১৩ বছরে সড়ক দুর্ঘটনায় নিহত ১ লাখ ২৫ হাজার, আহত ১ লাখ ৭৬ হাজার

কীর্তনখোলা ডেস্ক

দেশে ২০১৪ সাল থেকে ২০২৬ সালের ৩০ জুন পর্যন্ত ৭২ হাজার ৭৩৬টি সড়ক দুর্ঘটনায় ১ লাখ ২৫ হাজার ৪০৫ জন নিহত হয়েছেন। এসব দুর্ঘটনায় আহত হয়েছেন ১ লাখ ৭৬ হাজার ২৪৯ জন। সড়কে দুর্ঘটনা বৃদ্ধির জন্য বিগত সরকারের ভুলনীতি, রেল ও নৌপথ সংকুচিত করা এবং সড়কনির্ভর যাতায়াত ব্যবস্থাকে দায়ী করেছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। বুধবার (২১ অক্টোবর) জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষ্যে গণমাধ্যমে পাঠানো এক বার্তায় এসব তথ্য তুলে ধরেন সংগঠনটির মহাসচিব মোজাম্মেল হক চৌধুরী। তিনি বলেন, স্বাধীনতার আগে দেশের প্রধান যাতায়াতমাধ্যম ছিল নৌপথ, দ্বিতীয় অবস্থানে ছিল রেলপথ। নিরাপদ ও সাশ্রয়ী এই দুই মাধ্যমে তখন ৮০ শতাংশ মানুষের

৩ এর পাতায় দেখুন

রাজাপুরে বিকাশ ব্যবসায়ীকে কুপিয়ে ৭ লাখ টাকা ছিনতাই, গ্রেফতার ৫

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে বিকাশ ব্যবসায়ীকে কুপিয়ে ৭ লাখ টাকা ও মোবাইল ফোন ছিনতাইয়ের ঘটনায় পাঁচজনকে গ্রেফতার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-৮। ঘটনার ৭২ ঘণ্টার মধ্যে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। এ সময় তাদের কাছ থেকে ১ লাখ ৯ হাজার ৫৫১ টাকা ও চারটি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। বুধবার (২১ অক্টোবর) সকালে এসআরবি-৮-এর মিডিয়া অফিসার সহকারী পুলিশ সুপার সাথী আক্তার স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১৭ অক্টোবর রাত পৌনে ১০টার দিকে রাজাপুর উপজেলার বারাকপুর এলাকায় বিকাশ ব্যবসায়ী সুমন হোসেন মৃধার পথরোধ করেন দুর্বৃত্তরা। এ সময় তাকে ধারালো রামদা ও লোহার রড দিয়ে এলোপাতাড়ি

৩ এর পাতায় দেখুন

ছাত্রদলের ৩ নেতাকর্মীকে মারধরের অভিযোগে ছাত্রলীগকর্মী গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

মাদক সেবনে বাধা দেওয়াকে কেন্দ্র করে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শাখা ছাত্রদলের তিন নেতাকর্মীকে মারধরের অভিযোগে এক ছাত্রলীগকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (২০ অক্টোবর) রাতে বরিশাল নগরী থেকে তাজ নামে ওই ছাত্রলীগকর্মীকে গ্রেফতার করা হয়েছে বলে জানায় পুলিশ। তিনি বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। বুধবার (২১ অক্টোবর) সকালে বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইসমাইল হোসেন। তিনি বলেন, তাকে কোর্টে চালান করা হবে।

৩ এর পাতায় দেখুন

বৃদ্ধকে মারধরের অভিযোগ, সাবেক ইউপি চেয়ারম্যান গ্রেফতার

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর সদর উপজেলার দুর্গাপুর ইউনিয়নে মো. ছালাম শেখ (৬১) নামে এক বৃদ্ধকে মারধরের অভিযোগ উঠেছে। এ ঘটনায় করা মামলায় দুর্গাপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মো. নোমান হোসেন মৃধাকে গ্রেফতার করেছে পুলিশ। আহত ছালাম শেখ বর্তমানে পিরোজপুর জেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। গত ২০ অক্টোবর রাতে দুর্গাপুর ইউনিয়ন পরিষদের পশ্চিম পাশে একটি পাকা সড়কে এ ঘটনা ঘটে বলে এজাহার সূত্রে জানা গেছে। এ ঘটনায় সাবেক চেয়ারম্যানসহ সাতজনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাতনামা আরও ১০ থেকে ১২ জনকে আসামি করে পিরোজপুর সদর থানায় এজাহার দেওয়া হয়েছে। এজাহার সূত্রে জানা যায়, রাত আনুমানিক ৯টার দিকে বাড়ি যাওয়ার পথে কয়েকজনের সঙ্গে ছালাম শেখের কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে তাঁকে মারধর করা হয় বলে অভিযোগ করা হয়েছে। এতে তাঁর মুখসহ শরীরের বিভিন্ন স্থানে আঘাত লাগে। পরে স্থানীয় লোকজন তাঁকে উদ্ধার করে পিরোজপুর জেলা হাসপাতালে নিয়ে যান। এজাহারে আরও অভিযোগ করা হয়, বিএনপির কর্মীদের গালিগালাজ এবং বিএনপি কার্যালয় ভাঙচুর ও আগুন

৩ এর পাতায় দেখুন

নাজিরপুরে ট্রলারডুবে নিখোঁজের ৩ দিন পর মায়ের মরদেহ উদ্ধার

নাজিরপুর প্রতিনিধি

পিরোজপুরের নাজিরপুরে কালীগঙ্গা নদীতে যাত্রীবাহী ট্রলার ডুবির ঘটনার তিন দিন পর নিখোঁজ মা রীনা বেপারীর (৩৫) মরদেহ উদ্ধার করা হয়েছে। বুধবার (২১ অক্টোবর) সকালে উপজেলার কালীগঙ্গা নদী থেকে তাঁর ভাসমান মরদেহ উদ্ধার করা হয়। নাজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তরিকুল ইসলাম জানান, সকালে স্থানীয় বাসিন্দারা শ্রীরামকাঠী ইউনিয়নের মধুরাবাদ এলাকার কালীগঙ্গা নদীতে একটি মরদেহ ভাসতে দেখে থানায় খবর দেন। পরবর্তীতে থানা-পুলিশ, ফায়ার সার্ভিস ও নৌ পুলিশের

৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে ১৪ দিনে ৫২ লাখ মিটার জাল জব্দ

ঝালকাঠি প্রতিনিধি

ইলিশ সংরক্ষণ অভিযানে ঝালকাঠির চার উপজেলায় ১৪ দিনে ৫২ লাখ মিটার জাল জব্দ করা হয়েছে। জব্দ করা এসব জালের আনুমানিক মূল্য ৯৫ লাখ ৭২ হাজার ৫০০ টাকা। এ সময়ে সাতটি মামলা হয়েছে এবং চারজনকে কারাদণ্ড দেওয়া হয়েছে। বুধবার (২১ অক্টোবর) বিকেলে জেলা মৎস্য বিভাগের প্রতিবেদনে এ তথ্য জানা গেছে। প্রতিবেদন অনুযায়ী, ৮ থেকে ২১ অক্টোবর পর্যন্ত ঝালকাঠি সদর, নলছিটি, রাজাপুর ও কাঁঠালিয়া উপজেলায় মা ইলিশ সংরক্ষণে ২১৪টি অভিযান পরিচালনা করা হয়। এ সময়ে ৩৮টি ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানে মোট ৮৩ কেজি ইলিশ জব্দ করা হয়েছে। জেলার চারটি উপজেলার মধ্যে নলছিটিতে সবচেয়ে বেশি জাল জব্দ করা হয়েছে। এ উপজেলায় ৫৮টি অভিযানে ২৩ লাখ ৭৮ হাজার মিটার জাল জব্দ করা হয়। জব্দ করা জালের আনুমানিক মূল্য ২৫ লাখ ৭০ হাজার টাকা। এ ছাড়া দুটি মামলা হয়েছে এবং দুজনকে কারাদণ্ড

৩ এর পাতায় দেখুন



অধ্যাপক ডা. এন.সি.দে রবীন
এমবিবিএস(ঢাকা)ডি.ও(ডিএমসি)
এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন
অরবিস(আমেরিকা)বেইজিং(চীন)
এনআইও(ঢাকা)ফ্যাকো ও গ্লোকোমা
ফেলো,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউড, ঢাকা
ও.এস.বি ন্যাশনাল কনফারেন্স ও শেবাচি সেবা পদকপ্রাপ্ত
মাথা ব্যথা, গ্লোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বিভাগীয় প্রধান:
শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল (এক্স) বরিশাল
সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ ও হাসপাতাল বরিশাল
বরিশাল চেম্বার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব
৪০ সদর রোড (হোটেল আলী ইটাঃ এর বিপরীতে) বরিশাল | সিরিয়ালের জন্য: ০১৭৪৩৯৩২০৮৮, ০১৭১৫৮৬৩৭৬৭

বরিশালে জামায়াতের উদ্যোগে সেলাই মেশিন বিতরণ

কীর্তনখোলা রিপোর্ট

আত্মকর্মসংস্থান সৃষ্টি, নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন এবং অসচ্ছল মানুষের স্বাবলম্বী হওয়ার সুযোগ তৈরির লক্ষ্যে বরিশাল মহানগর জামায়াতে ইসলামীর উদ্যোগে উপকারভোগীদের মধ্যে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। বুধবার (২১ অক্টোবর) বিকেলে বরিশাল নগরীর ইউরো কনভেনশন হলে আয়োজিত এক অনুষ্ঠানে এসব সেলাই মেশিন বিতরণ করা হয়। বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল। প্রধান অতিথির বক্তব্যে অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল বলেন, আত্মকর্মসংস্থান সৃষ্টি ও মানুষকে স্বাবলম্বী করে তোলা

৩ এর পাতায় দেখুন

গাছের ডাল মাথায় পড়ে প্রাণ গেলো বিএনপি নেতার

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে গাছের ডাল কাটার সময় তা মাথায় পড়ে মোসলেম উদ্দিন হাওলাদার (৬৫) নামে এক বিএনপি নেতার মৃত্যু হয়েছে। বুধবার (২১ অক্টোবর) দুপুর দেড়টার দিকে বাউফল পৌরসভার ১ নম্বর ওয়ার্ডে এ দুর্ঘটনা ঘটে। নিহত মোসলেম উদ্দিন হাওলাদার ওই এলাকার মৃত আনালি হাওলাদারের ছেলে। তিনি বাউফল পৌর বিএনপির সদস্য ছিলেন। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, বাড়ির কয়েকটি গাছ পার্শ্ববর্তী কালাইয়া এলাকার এক ব্যক্তির কাছে বিক্রি করেছিলেন বিএনপি নেতা

৩ এর পাতায় দেখুন

ভোলায় স্কুলব্যাগে ছয় কেজি গাঁজা, যুবক আটক

ভোলা প্রতিনিধি

ভোলার সদর উপজেলার ইলিশা লঞ্চঘাটে একটি স্কুলব্যাগ থেকে ৬ কেজি গাঁজা জব্দ করেছে পুলিশ। এ ঘটনায় হাসনাইন আহমেদ (৩৫) নামের এক যুবককে আটক করা হয়েছে। বুধবার (২১ অক্টোবর) দুপুরে বিষয়টি নিশ্চিত করেন ইলিশা পুলিশ তদন্তকেন্দ্রের ইনচার্জ (পরিদর্শক) মো. বশির আলম। আটক হাসনাইন আহমেদ জেলার তজুমদ্দিন উপজেলার শম্ভুপুর ইউনিয়নের গোলকপুর গ্রামের নাজিমউদ্দিনের ছেলে। পুলিশ সূত্রে জানা গেছে, বুধবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে ভোলা সদর উপজেলার

৩ এর পাতায় দেখুন



বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling. Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com